আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

নিঃসন্দেহে আল্লাহ আদম (আঃ) ও নূহ (আঃ) ও ইব্রাহীম (আঃ) এর বংশধর এবং এমরানের খান্দানকে নির্বাচিত করেছেন।

সূরা আল ইমরান- ৩২

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১৩ এপ্রিল ২০২৬ ॥ ২৪ শাওয়াল ১৪৪৭ ॥ ৩০ চৈত্র ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ৩২২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট

স্থায়িত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

সশস্ত্র বাহিনী কোনো ব্যক্তি, দল ও পরিবারের সম্পদ নয় : প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, সশস্ত্র বাহিনী কোনো ব্যক্তি, দল ও পরিবারের সম্পদ নয় ২ এর পাতায় দেখুন

পরীক্ষা কেন্দ্রের বাথরুমে নকল পাওয়া গেলে কেন্দ্র সচিব দায়ী থাকবেন

কীর্তনখোলা ডেস্ক

পরীক্ষা কেন্দ্রের বাথরুমে নকল পাওয়া গেলে কেন্দ্র সচিব দায়ী থাকবেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক ২ এর পাতায় দেখুন



বিএনপি জনগণের ওপর পুরোনো একদলীয় শাসন চাপিয়ে দিতে চাচ্ছে

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান বলেছেন, বিএনপি জাতির সঙ্গে প্রতারণা, ২ এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ অধ্যাদেশ বাদ হওয়ায় হতাশ এনসিপি

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদের চলমান প্রথম অধিবেশনে গুরুত্বপূর্ণ কয়েকটি অধ্যাদেশ আইনে পরিণত না হওয়ায় হতাশ ২ এর পাতায় দেখুন



নগরীকে অবৈধ দখলমুক্ত করতে বিসিসির অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরীতে ব্যাপক উচ্ছেদ অভিযান শুরু করেছে সিটি করপোরেশন। দীর্ঘদিন ধরে ফুটপাত দখল, অবৈধ স্থাপনা এবং বিশৃঙ্খল নগর ব্যবস্থাপনার কারণে ভোগান্তিতে থাকা বরিশাল মহানগরীকে শৃঙ্খলার আওতায় আনতে এ অভিযান চালানো হয়। রোববার (১২ এপ্রিল) সকাল সাড়ে ১০টা থেকে নগর ভবনের সামনে থেকে এ অভিযান শুরু হয়। দায়িত্ব গ্রহণের এক মাসের মধ্যেই নগর উন্নয়নে দৃশ্যমানে এমন উদ্যোগ নিয়েছেন নগর প্রশাসক অ্যাডভোকেট বিলকিস জাহান শিরীন। সিটি করপোরেশনের প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাসের নেতৃত্বে এ অভিযানে নগরীর ফুটপাত, প্রধান সড়ক, পার্ক ও বিনোদনস্থল থেকে অবৈধ স্থাপনা অপসারণ কার্যক্রম শুরু করা হয়েছে। সিটি করপোরেশন জানায়, প্রশাসকের নির্দেশনায় উচ্ছেদের আগে ৭ দিনের সময় দিয়ে মাইকিংসহ সচেতনতামূলক প্রচারণা চালানো হয় যাতে ব্যবসায়ীরা স্বেচ্ছায় জায়গা ছেড়ে দেয় এবং কারও মালামালের ক্ষতি না হয়। ইতোমধ্যে কিছু দখলদার নিজ উদ্যোগে সরে গেলেও অনেকে এখনও অবস্থান করছে। অভিযান সংশ্লিষ্টরা জানান, নগরীর গুরুত্বপূর্ণ এলাকাগুলো আগে দখলমুক্ত করা হবে। ফুটপাত জনগণের চলাচলের জন্য এই নীতি বাস্তবায়নে নিয়মিত

২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গ নিয়ে আরও ১০ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে নতুন করে হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও ১০ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে চারজনের মৃত্যু হামেই হয়েছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। আর ছয়জনের মৃত্যু হয়েছে হাম সন্দেহে। রোববার (১২ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এসব তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে ১০ জনের মৃত্যু হয়েছে। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ২ এর পাতায় দেখুন

সাবেক স্পিকার শিরীন শারমিন কারামুক্ত

কীর্তনখোলা ডেস্ক

হত্যাচেষ্টা মামলায় দুপুরে জামিন পাওয়ার পর কারামুক্ত হলেন সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী। রোববার (১২ এপ্রিল) বিকেলে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্ত হন তিনি। কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারের সিনিয়র জেল সুপার কাওয়ালিন নাহার বলেন, কারাগারে জামিননামা পৌছানোর পরই যথাযথ প্রক্রিয়া অনুযায়ী একটু আগে তাকে (সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী) রিলিজ করা হয়েছে। মামলার সূত্রে জানা গেছে, বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে গত বছরের ১৮ জুলাই

২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে সাকুরা বাসে অগ্নিকাণ্ড ॥ নিহত ১

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুরে একটি যাত্রীবাহী বাসে অগ্নিকাণ্ডে পুড়ে গেছে পুরো বাসটি। এ সময় বাস থেকে দ্রুত নামতে গিয়ে বাসের চাকার নিচে পড়ে এক যাত্রী নিহত হয়েছেন। তবে তার পরিচয় এখনো শনাক্ত করতে পারেনি পুলিশ। গতকাল রোববার, ১২ এপ্রিল বিকেল সাড়ে ৪টার দিকে ঘটনাটি ঢাকা-বরিশাল মাদারীপুরের ডাসার উপজেলার গোপালপুর ইউনিয়নের মেলকাই এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয়রা জানায়, বরিশাল থেকে ঢাকাগামী সাকুরা পরিবহনের একটি

২ এর পাতায় দেখুন

বরগুনায় হামে আক্রান্ত দুই শতাধিক, মৃত্যু ৩

বরগুনা প্রতিনিধি

সারা দেশের ন্যায় বরগুনাতেও ছড়িয়ে পড়েছে হামের প্রাদুর্ভাব। জেলা স্বাস্থ্য বিভাগের তথ্যমতে, এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে তিনজনের মৃত্যু হয়েছে এবং আক্রান্তের সংখ্যা দুই শতাধিক ছাড়িয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে জেলা স্বাস্থ্য বিভাগ বিশেষ সতর্কতা অবলম্বন করছে। সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরে জেলায় এখন পর্যন্ত ২২১ জন সন্দেহজনক হাম রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে সর্বোচ্চ ১৯৬ জন চিকিৎসা নিয়েছেন। এছাড়া পাথরঘাটায় ৬ জন, তালতলীতে ৮ জন, বামনায় ৩ জন ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটিতে হামের টিকাদান শুরু

কীর্তনখোলা রিপোর্ট

হাম-রুবেলার সংক্রমণ প্রতিরোধে বরিশাল সিটি করপোরেশনে শুরু হয়েছে টিকাদান কার্যক্রম। সারাদেশের ন্যায় বরিশালেও দ্বিতীয় ধাপে শুরু হয়েছে এ টিকাদান কর্মসূচি। রোববার (১২ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় নগরীর মল্লিকা কিন্ডারগার্টেনে এ কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক বিলকিস জাহান শিরীন। চিকিৎসকরা জানান, ৬ মাস থেকে ৫ বছরের কম বয়সী শিশুদের এ টিকা দেওয়া হচ্ছে। অভিভাবকদের মধ্যে বেশ সচেতনতা লক্ষ্য করা যাচ্ছে। তারা স্বতস্ফুর্তভাবে শিশুদের টিকা দিতে কেন্দ্রে নিয়ে আসছেন। সূত্র জানায়, বরিশাল সিটি করপোরেশনের অধীনে ৪২ হাজার ২ এর পাতায় দেখুন

বরিশালে শিশু ধর্ষণের মামলায় আসামি মাদ্রাসা শিক্ষক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাবুগঞ্জ উপজেলায় ছাত্রকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসা শিক্ষককে আসামি করে মামলা হয়েছে। শনিবার শিক্ষার্থীর বাবা মামলাটি করেন বলে থানার ওসি শেখ মোহাম্মদ এহতেশামুল ইসলাম জানান। ঘটনার পর থেকে পলাতক রয়েছেন শিক্ষক মো. মাসুম বিল্লাহ। তিনি উপজেলার একটি হাফিজিয়া মাদ্রাসার সহকারী

২ এর পাতায় দেখুন

সড়ক দুর্ঘটনায় সাবেক কাউন্সিলর নিহত

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠিতে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে হুমায়ুন কবির সাগর (৩৫) নামে পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের এক সাবেক কাউন্সিলর নিহত হয়েছেন। রোববার (১২ এপ্রিল) দুপুরে বরিশালঝালকাঠি মহাসড়কের নলছিটি উপজেলার রায়াপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত হুমায়ুন কবির সাগর ঝালকাঠি পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ২ এর পাতায় দেখুন

ছড়াকার মানসুর মুজাম্মিলের ইন্তেকাল

কীর্তনখোলা রিপোর্ট

জনপ্রিয় কবি ও ছড়াকার মানসুর মুজাম্মিল ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি

রাজেউন)। রোববার (১২ এপ্রিল) ভোর সাড়ে ৪টায় রাজধানীর হলি ফ্যামিলি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২ এর পাতায় দেখুন

শ্রেণিকক্ষের অভাবে করিডোরে ক্লাস করেন ববি শিক্ষার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট

দীর্ঘদিন ধরে তীব্র ক্লাসরুম সংকটে ধুঁকছে বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি)। এর কারণে নিয়মিত পাঠদান সম্ভব হচ্ছে না এতে করে কোনো কোনো শিক্ষক খোলা আকাশের নিচে, গাছের তলায়, কেউ বিশ্ববিদ্যালয়ের বারান্দায় ক্লাস নিয়ে সিলেবাস শেষ করার চেষ্টা করছেন। তবে দীর্ঘদিনের এই সমস্যা সমাধান না হওয়ায় শিক্ষার্থীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। ৬ এপ্রিল ববি ঘুরে দেখা গেছে, বিশ্ববিদ্যালয়ের করিডোরে দাঁড়িয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বরিশাল জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় মব বা জনতার হঠাৎ উত্তেজনার বিষয়টি সতর্ক বিবেচনার সাথে মাদকবিরোধী অভিযান জোরদার করারও নির্দেশনা দেওয়া হয়েছে। রবিবার (১২ এপ্রিল) জেলা প্রশাসকের সভাকক্ষে জেলা ম্যাজিস্ট্রেট মো. খায়রুল আলম সুমন সভাপতিত্বে এ সভায় মাদকবিরোধী অভিযান, রাজনৈতিক বিতর্ক বা সামাজিক দ্বন্দ্বের সময়ে জনতা যেন হঠাৎ উত্তেজিত হয়ে মব তৈরি করতে না পারে সে ব্যাপারে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ দেয়া হয়েছে। মাদক নিয়ন্ত্রণকে অগ্রাধিকার দিয়ে সভার সভাপতি বলেন, যুব সমাজ যেন মাদকের ভয়াল নেশায় তাদের উজ্জ্বল ভবিষ্যৎ নষ্ট না করে সেব্যাপারে সচেতন থাকতে হবে। মাদক গ্রহণের ফলে তাদের বোধশক্তি লোপ পায় । এতে পরিবারে অশান্তি, নির্যাতন ও ঝগড়ার পাশাপাশি খুন করার প্রবণতাও দেখা যায়। মাদকের কারণে যাতে সমাজে বিপর্যয় না ঘটে সে ব্যাপারে সবাইকে সচেতন থাবারও পরামর্শ দেন জেলা প্রশাসক। পাশাপাশি মাদক ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত চাই

দেশের উচ্চশিক্ষা নিয়ে দীর্ঘদিন থেকেই অভিজ্ঞমহল অসন্তোষ প্রকাশ করে আসছে। অভিযোগ রয়েছে, বিশ্ববিদ্যালয়গুলো থেকে নামমাত্র ডিগ্রি নিয়ে প্রতিবছর হাজারো শিক্ষার্থী বের হচ্ছেন। এমনকি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, যাঁরা সমাজের নীতি-নৈতিকতার দিক থেকে অনুসরণীয় হওয়ার কথা, তাঁরাও দুর্নীতি বা আর্থিক কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ছেন। 'গবেষণার টাকা নয়ছয়' শীর্ষক খবরে এমনটিই দেখা গেছে। আমাদের দেশে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৭০-এর ওপর। তবে বেশির ভাগ বিশ্ববিদ্যালয়েই গবেষণার সুযোগ অত্যন্ত সীমিত। এই ঘাটতি পূরণে এবং উচ্চশিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের সহযোগিতায় 'হায়ার এডুকেশন অ্যাকসেলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)' প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কিন্তু চার হাজার কোটি টাকার এই প্রকল্পে ব্যাপক অনিয়ম হচ্ছে বলে খবরে প্রকাশ। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির কাজ শুরু হয়েছে ২০২৩ সালের জুলাই মাসে। মোট ব্যয় নির্ধারণ করা হয়েছে চার হাজার ১৬ কোটি ৫৭ লাখ টাকা। এর মধ্যে ৫০.৯৬ শতাংশ অর্থায়ন করবে বাংলাদেশ সরকার, বাকি ৪৯.৪ শতাংশ দেবে বিশ্বব্যাংক। সম্প্রতি বিশ্বব্যাংকের প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। পরে মন্ত্রী বলেন, 'হিট প্রকল্প নিয়ে প্রতিনিধিদল নেতিবাচক মন্তব্য করেছে। বিষয়টি নিয়ে তারা নাখোশ।' শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেন, হিট প্রকল্পে ভালো ও স্বীকৃত গবেষকদের বাদ দিয়ে লো প্রোফাইল ও কম সাইটেশনধারী শিক্ষকদের নির্বাচিত করা হয়েছে। তাঁদের ভাষ্য, গবেষণা প্রকল্প পেতে যোগ্যতার বদলে রাজনৈতিক আনুগত্য ও ব্যক্তিগত পরিচিতি প্রাধান্য পেয়েছে। সূত্রের বরাত দিয়ে খবরে বলা হয়, গবেষণা তহবিলের জন্য প্রথমেই প্রায় ১০০ কোটি টাকা ভাগ-বাটোয়ারা করেছে ইউজিসি ও 'হিটের' সিন্ডিকেট। রিভিউয়ারদের ম্যানেজ করে পছন্দসই শিক্ষকদের প্রকল্প দিয়েছে ওই সিন্ডিকেট। প্রত্যেক রিভিউয়ের জন্য ১৫ হাজার সম্মানি রাখা হলেও সর্বোচ্চ নম্বর দিলে ১০ লাখ টাকা পর্যন্ত অর্থ দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। এভাবে শতাধিক গবেষণা প্রকল্পে সর্বোচ্চ নম্বর দিয়ে প্রায় ১০০ কোটি টাকা বাণিজ্য করেছে ওই সিন্ডিকেট। শিক্ষা জাতির মেরুদণ্ড কথাটি এমনি এমনি বলা হয় না। উন্নত বিশ্বের দেশে নানা ক্ষেত্রে অনিয়ম হলেও তারা শিক্ষার মান ধরে রেখেছে। এ কারণেই তারা উন্নতির শিখরে পৌঁছতে পেরেছে। আর আমাদের এখানে খোঁজখবর নিলেই দেখা যায় শিক্ষা খাতে চরম নৈরাজ্য। উচ্চপদে থেকেও যাঁরা অনিয়ম করছেন, তাঁরা জাতির জন্য অভিশাপ। তাঁদের অনিয়মের কারণে অনেক মেধা অঙ্কুরেই বিনষ্ট হচ্ছে। হিট প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইউজিসির সদস্য অধ্যাপক মোহাম্মদ তানজীমউদ্দিন খান বলেছেন, 'যেসব অভিযোগ উঠেছে, তা সঠিক নয়।' তাঁর এই দাবিও আমলে নেওয়া উচিত। আমরা মনে করি, এসব অভিযোগের সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত। মনে রাখতে হবে, উচ্চশিক্ষার মানোন্নয়ন করতে হলে গবেষণার বিকল্প নেই। তবে প্রকল্পের সব দিক হতে হবে স্বচ্ছ। প্রকৃত মেধাবীরা যেন সব ধরনের সুযোগ-সুবিধা পান, তা নিশ্চিত করতে হবে। সমৃদ্ধ দেশ গড়তে শিক্ষা খাতে অনিয়ম বন্ধ করতেই হবে।

গুরুত্বপূর্ণ অধ্যাদেশ বাদ

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের গড়া দলটির নেতারা বলছেন, সংসদীয় কার্যক্রমে কিছু ইতিবাচক পরিবর্তন এলেও সামগ্রিকভাবে 'পুরোনো পথে' ফিরে যাওয়ার প্রবণতা দেখা যাচ্ছে। রাষ্ট্র পুনর্গঠনের একটি গুরুত্বপূর্ণ সুযোগ হাতছাড়া হয়েছে। জুলাই গণ-অভ্যুত্থানের ধারাবাহিকতায় দায়িত্ব নেওয়া বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে মোট ১৩৩টি অধ্যাদেশ জারি করা হয়েছিল। এনসিপির নেতারা বলছেন, তাঁদের প্রত্যাশা ছিল, জনস্বার্থসংশ্লিষ্ট ও অধিকারভিত্তিক গুরুত্বপূর্ণ অধ্যাদেশগুলো আইনে পরিণত করা হবে। বিশেষ করে রাষ্ট্র পরিচালনায় মৌলিক পরিবর্তন আসবে এবং নাগরিক অধিকার, গণতান্ত্রিক পরিবেশ ও জবাবদিহির বিষয়গুলো অগ্রাধিকার পাবে। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে, গণভোট, গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, দুর্নীতি দমন কমিশন অধ্যাদেশ, পুলিশ কমিশন অধ্যাদেশসহ রাষ্ট্র পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ অধ্যাদেশগুলো সংসদে উত্থাপন করা হয়নি। স্বাধীন বিচার বিভাগের জন্য জারি করা সুপ্রিম কোর্ট বিচারক নিয়োগ অধ্যাদেশ ও সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ বাতিলে বিল পাস করা হয়েছে। এর মাধ্যমে বিচার বিভাগে আগের মতো সরকারের হস্তক্ষেপের সুযোগ তৈরি হলো। এনসিপির যুগ্ম আহ্বায়ক ও সংসদ সদস্য আতিকুর রহমান মুজাহিদ বলেন, রাষ্ট্রকে বিনির্মাণ করার একটা সুযোগ ছিল। কিন্তু এখন আবার আগের 'স্টাইলে' ফিরে যাওয়ার পুরো পথটাই যেন পরিষ্কার হয়ে গেল। যদি রাষ্ট্র আগের মতো দলীয়করণ ও নিয়ন্ত্রণমূলক কাঠামোর দিকে ফিরে যায়, তাহলে সেটি জনগণের প্রত্যাশার বিপরীত হবে। তাঁর মতে, এটি মূলত জনরায়ের সঙ্গে অসংগতিপূর্ণ একটি সূচনা। তিনি বলেন, 'আমাদের প্রত্যাশা ছিল, সংসদের ভেতরে আলোচনা, যুক্তি ও বিতর্কের মাধ্যমে সমস্যার সমাধান হবে। রাস্তায় নেমে আন্দোলন করে দাবি আদায়ের যে সংস্কৃতি, সেটি কমে আসবে। কিন্তু বাস্তবে তেমন কোনো পরিবর্তন হয়নি।' বিল পাস নিয়ে ইতিমধ্যে সংসদে বিরোধী দলের ওয়াকআউট ও উত্তেজনার ঘটনাও ঘটেছে। ১৩৩টি অধ্যাদেশের মধ্যে জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশসহ ৯৮টি হুবহু বিল আকারে পাসের বিষয়ে একমত হয়েছিল সরকারি ও বিরোধী দল। তবে জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর বিল পাসের জন্য গত শুক্রবার সংসদে উত্থাপন হলে তিনটি সংশোধনী দেন সরকারদলীয় এক সংসদ সদস্য, যা গ্রহণ করে বিলটি পাস করা হয়। এ নিয়ে অধিবেশনে উত্তপ্ত পরিবেশ তৈরি হয়। সংসদে বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম সরকারি দলের বিরুদ্ধে রাজনৈতিক সমঝোতা ও ঐকমত্য ভঙ্গের অভিযোগও তোলেন। এনসিপির নেতাদের অভিযোগ, সংসদে সরকারি দল বিএনপি দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার জোরে গণভোটের জনরায়কে অবজ্ঞা করছে। এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার বলেন, বিএনপি ৫১ শতাংশ রায় পেয়েছে। জনগণ তাঁদের আইন প্রণয়ন করার ম্যান্ডেট দিয়েছে, অন্য কিছু নয়। ৫১ শতাংশের রায় দিয়ে ৭০ শতাংশের রায়কে কোনোভাবেই অবজ্ঞা কিংবা অস্বীকার করা উচিত নয়। কিন্তু তাঁরা সেটাই করছেন। এনসিপির নেতাদের মতে, এই হতাশা শুধু এনসিপির নয়, সাধারণ জনগণও হতাশ। যেসব দাবি ও প্রস্তাব উত্থাপিত হয়েছে, সেগুলো কোনো একক দলের নয়, সামগ্রিকভাবে দেশের মানুষের দাবি। ফলে এসব বাস্তবায়িত না হওয়ায় জনগণের প্রত্যাশা পূরণ হচ্ছে না। এনসিপির নেতাদের অভিযোগ, গুরুত্বপূর্ণ অধ্যাদেশগুলো বাদ পড়ায় রাষ্ট্র সংস্কারের যে সম্ভাবনা তৈরি হয়েছিল, তা ধীরে ধীরে নষ্ট হয়ে যাচ্ছে। ফলে সংসদীয় গণতন্ত্রের চর্চায় দৃশ্যমান পরিবর্তনের বদলে পুরোনো ধারায় ফিরে যাওয়ার লক্ষণই বেশি স্পষ্ট হচ্ছে।

বিএনপি জনগণের ওপর

ধোঁকা ও গাদ্দারি করে তাদের যাত্রা শুরু করেছে। তারা এখন সেই পুরোনো আওয়ামী ফ্যাসিস্ট বাকশালি কায়দায় একদলীয় শাসন জনগণের ওপর চাপিয়ে দিতে চাচ্ছে। রোববার রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) মিলনায়তনে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জুলাই শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সঙ্গে আয়োজিত এই মতবিনিময় সভার আয়োজন করে '১১ দলীয় ঐক্য'। বিএনপির উদ্দেশে শফিকুর রহমান প্রশ্ন তোলেন, 'বিএনপি দাবি করে একাত্তর তাদের, নব্বই তাদের, চব্বিশও তাদের; কিন্তু একাত্তরে তো বিএনপির জন্মই হয়নি। জিয়াউর রহমান সাহেব স্বাধীনতার ঘোষণা দিয়েছেন, যুদ্ধ করেছেন আমরা তাঁকে সম্মান করি। কিন্তু একক ক্রেডিট একজনকে দিলে বাকি যোদ্ধাদের অবস্থান কোথায় থাকে? এটা যুদ্ধকে কুক্ষিগত করার অপপ্রয়াস।' বিএনপি নিজেদের ৩১ দফা সংস্কারের কথা বললেও এখন তার বিপক্ষে অবস্থান নিয়েছে বলে মন্তব্য করেন জামায়াত আমির। তিনি বলেন, তারা স্থানীয় সরকারে অনির্বাচিত প্রতিনিধি না রাখার প্রতিশ্রুতি দিলেও এখন সব জায়গায় বাংলাদেশ ব্যাংক থেকে শুরু করে ক্রিকেট বোর্ড ও বিশ্ববিদ্যালয়ে নিজেদের লোক বসিয়ে 'কু' করে রেখেছে। সংবিধান সংস্কারের কথা তাদের ৩১ দফার প্রথম দফা, কিন্তু এখন তারা তার বিপরীতে অবস্থান নিয়েছে। মিথ্যার সামনে আমরা মাথা নত করব না মন্তব্য করে বিরোধীদলীয় নেতা বলেন, 'প্রয়োজনে হাসতে হাসতে ফাঁসির তক্তার ওপর দাঁড়াব, তবুও অন্যায়ের সঙ্গে আপস করব না। যত দিন সংসদের ভেতরে লড়াই করতে পারব, তত দিন থাকব, নইলে জনগণের কাছে ফিরে যাব। আমাদের আসল ঠিকানা রাজপথ, সংসদ আমাদের আসল ঠিকানা নয়।'

পরীক্ষা কেন্দ্রের বাথরুমে

মিলন। তিনি বলেছেন, 'এবার মানসম্মত এসএসসি পরীক্ষা নেওয়া হবে। প্রতিটি পরীক্ষা কক্ষে ক্লোজড সার্কিট টেলিভিশন (সিসিটিভি) ক্যামেরা স্থাপন করতে হবে। সিসিটিভি ক্যামেরা স্থাপনের মাধ্যমে শুধু নকল নয়, ঠিকমতো শিক্ষা দেওয়া হচ্ছে কি না, তাও দেখা হবে।' রোববার (১২ এপ্রিল) দুপুরে রাজধানীর আজিমপুর সরকারি গার্লস স্কুল অ্যান্ড কলেজে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড, ঢাকা, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিম সভায় তিনি এসব কথা বলেন। আ ন ম এহছানুল হক মিলন বলেন, 'পরীক্ষার হল পরিদর্শনে স্থানীয় সংসদ সদস্যরা সঙ্গী-সাথী নিয়ে যেতে পারবেন না। পরীক্ষার্থীদের বিরক্ত করা যাবে না। সেটা কেউ করতে পারবেন না। কেন্দ্রের সচিবদের এসব বিষয় খেয়াল রাখতে হবে।' তিনি বলেন, 'পরীক্ষা ঘিরে কোনো ধরনের অহেতুক আতঙ্ক সৃষ্টি করা যাবে না। বিদ্যুৎবিভ্রাটের ক্ষেত্রে নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণ নিশ্চিত করতে বিকল্প হিসেবে আইপিএস ব্যবহারের ব্যবস্থা করতে হবে।' শিক্ষার গুণগত মানের অবনতি ও আস্থার সংকট তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, 'একসময় জেলা স্কুলগুলোতে জেলা প্রশাসক বা পুলিশ সুপারদের সন্তানরা পড়ত, যা এখন আর দেখা যায় না। এমনকি উপজেলা পর্যায়ে শিক্ষা ব্যবস্থার দেখভাল করা ইউএনও কিংবা খোদ বিদ্যালয়ের শিক্ষকদের সন্তানরাও নিজেদের স্কুলে পড়ছে না। নিজের কর্মস্থলের প্রতি শিক্ষকদের এই অনাস্থা অত্যন্ত লজ্জাজনক।' ?দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষা কার্যক্রমের মানোন্নয়নে নতুন পরিকল্পনার কথা জানিয়ে তিনি বলেন, 'সরকারের এই পরিকল্পনা অনুযায়ী, অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত শিক্ষকদের মধ্য থেকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ম্যানেজিং কমিটির সভাপতি নিয়োগের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।'

সশস্ত্র বাহিনী কোনো

দেশের সম্পদ। রোববার (১২ এপ্রিল) বেলা সোয়া ১১টার দিকে ঢাকা সেনানিবাসে সশস্ত্র বাহিনীর দরবারে দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে পাঠানো এক বার্তায় এ তথ্য জানানো হয়। পেশাদারিত্বে কোনো আপস না করতে বাহিনীর প্রতি আহ্বান জানিয়ে নিজের বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, সশস্ত্র বাহিনীকে আরো শক্তিশালী করতে চায় সরকার। তিনি বলেন, ২০২৪ সালে দেশ এবং দেশের জনগণের স্বাধীনতা রক্ষার যুদ্ধে সশস্ত্র বাহিনীর ভূমিকা স্বাধীনতাপ্রিয় জনগণকে আশান্বিত করেছে। ২০২৪ সালের ৫ আগস্ট-পরবর্তী অস্থির সময় এবং দৃশ্যমান প্রশাসনিক অচলাবস্থায় সশস্ত্র বাহিনী অসাধারণ ভূমিকা পালন করেছে। পিলখানা হত্যাকাণ্ড চালিয়ে সেনাবাহিনীকে দুর্বল করে দেওয়া হয়েছিল। পিলখানা হত্যাকাণ্ডে ন্যায়বিচার নিশ্চিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ উল্লেখ করে তারেক রহমান বলেন, এরপর দীর্ঘ দেড় দশকের শাসন-শোষণের সময় দেশের সশস্ত্র বাহিনীকে বিতর্কিত করার অপচেষ্টা চালানো হয়। এর আগে অনুষ্ঠানস্থলে পৌঁছালে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান তার প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল ড. একেএম শামছুল ইসলাম, সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান ও বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন এবং সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার। দরবারে প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনীর সদস্যদের পেশাদারিত্ব, শৃঙ্খলা, দেশের সার্বিক নিরাপত্তা রক্ষা এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে তাদের গুরুত্বপূর্ণ অবদানের প্রশংসা করেন। বিশেষত, গত ২০২৪ সালের আগস্ট পরবর্তী সময় থেকে এখন পর্যন্ত দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুনিপুণভাবে সম্পন্ন করার জন্য তিনি সশস্ত্র বাহিনীর ভূয়সী প্রশংসা করেন। এছাড়া প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনীর ভবিষ্যৎ সক্ষমতা বৃদ্ধি, আধুনিকায়ন এবং জাতীয় উন্নয়নে আরও কার্যকর ভূমিকা পালনের লক্ষ্যে বর্তমান সরকার কর্তৃক সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। পরিশেষে প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনীর সব সদস্যকে দল-মতের ঊর্ধ্বে থেকে দেশকে ধারণ করা, দেশের সার্বভৌমত্ব ও সংবিধানের মর্যাদা সমুন্নত রাখা, জনগণের আস্থা অটুট রাখা এবং সর্বোপরি কর্ম, সততায়, শপথে ও ত্যাগের মাধ্যমে দেশকে ভালোবাসার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হওয়ার নির্দেশনা দেন। দরবারে ঢাকায় অবস্থানরত সামরিক ও অসামরিক ঊর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন এবং দেশের অন্যান্য স্থানে অবস্থানরত সেনা কর্মকর্তা ও সদস্যরা ভিডিও টেলিকনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন।

ঢাকা-বরিশাল মহাসড়কে

যাত্রীবাহী বাস ডাসার উপজেলার গোপালপুর ইউনিয়নের মেলকাই এলাকায় আসলে বাসের ভেতরে হঠাৎ আগুন ধরে যায়। বাসের ভেতরে জ্বালানি তেল থাকায় দ্রুত আগুন বাসের ভেতরে ছড়িয়ে পড়ে। এসময় বাসের ভেতর থেকে বের হতে গিয়ে এক যাত্রী বাসের চাকার নিচে পড়ে নিহত হন। তবে তার পরিচয় শনাক্ত করতে পারেনি পুলিশ। খবর পেয়ে কালকিনি ও মাদারীপুর ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে এসে বাসের আগুন নিয়ন্ত্রণে আনেন। প্রাথমিক ভাবে ফায়ার সার্ভিসের ধারনা, বাসের ভেতরের বৈদ্যুতিক শর্ট সার্কিট হয়ে আগুনের সূত্রপাত হতে পারে। পরে বাসের ভেতরে জ্বালানি তেল থাকায় তা দ্রুত ছড়িয়ে পড়ে। মস্তফাপুর হাইওয়ে পুলিশ কর্মকর্তারা জানিয়েছেন, এ দুর্ঘটনার ফলে মহাসড়কের উভয় পাশে তীব্র যানজটের সৃষ্টি হলে সাধারণ যাত্রীরা চরম ভোগান্তিতে পড়েন। পরে কালকিনি ও মাদারীপুর থেকে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে এবং মস্তফাপুর হাইওয়ে পুলিশ ফাঁড়ি থেকে পুলিশ এসে মহাসড়কে এক ঘণ্টা পরে যান চলাচল স্বাভাবিক করা হয়। তবে দুর্ঘটনায় নিহত ব্যক্তির পরিচয় এখনো শনাক্ত করা যায়নি।

শ্রেণিকক্ষের অভাবে করিডোরে

মো.সানবিন ইসলাম ক্লাস নিচ্ছে। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি ছড়িয়ে পড়ার পরে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ আরও বেড়ে যায়। এনিয়ে প্রশ্ন উঠে এই ভোগান্তির সমাধান কবে? এর আগেও ক্লাস রুম সংকটের কারণে বিশ্ববিদ্যালয় সংলগ্ন গাছের নিচে এবং বিশ্ববিদ্যালয়ের ছয় দফা চত্বরে ক্লাস নিতে দেখা গেছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের তথ্যমতে, বিশ্ববিদ্যালয়ে মোট ২৫ বিভাগের ১২৫টিরও বেশি ব্যাচ চলমান রয়েছে। প্রতিটি ব্যাচের ৫ থেকে ১০টা পর্যন্ত কোর্স থাকে। তবে এর বিপরীতে ক্লাসরুম রয়েছে মাত্র ৩৬টি। যেখানে অধিকাংশ বিভাগে মাত্র একটি করে ক্লাসরুম। তবে কয়েকটি বিভাগ ভাগাভাগি করে একটি ক্লাসরুম ব্যবহার করছে বলে তথ্যে উঠে এসেছে। শিক্ষার্থীদের অভিযোগ, নামে বিশ্ববিদ্যালয় হলেও একটা বিশ্ববিদ্যালয়ের নূন্যতম সুযোগ সুবিধায় এখানে নেই। আবাসন সংকট, ক্লাসরুম, ল্যাব, শিক্ষক সংকট। চারপাশে শুধু সংকট আর সংকট? কিন্তু সমাধানের কোনো উদ্যোগ নেই। প্রায় সময়ই ক্লাস করতে এসে ক্লাসের বাইরে দাঁড়িয়ে থাকতে হয় ক্লাস ফাঁকা হবার অপেক্ষায়। আবার কখনও কখনও বিভিন্ন ভবনে ফাঁকা ক্লাসরুম খুঁজে ক্লাস করতে হয়। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী অলিভ খান জানান, ক্লাসরুমের সংকট একটি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা ব্যবস্থাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে। ববিতে সমস্যা চরম আকার ধারণ করেছে। একটি বিভাগের জন্য মাত্র একটি ক্লাসরুম, অথচ চলছে একাধিক ব্যাচ। ফলে অনেক সময় শিক্ষার্থী ও শিক্ষক উভয়কেই ক্লাসের জন্য অপেক্ষা করতে হয়। অপরিকল্পিতভাবে নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হলেও প্রয়োজনীয় অবকাঠামো বাড়ানো হচ্ছে না। সমানভাবে আবাসন সংকটও রয়ে গেছে। এভাবে অপূর্ণ প্রস্তুতি নিয়ে শিক্ষার্থীদের একটি কঠিন ভবিষ্যতের দিকে ঠেলে দেওয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্ট্যাডিজ বিভাগের শিক্ষার্থী মো.ইব্রাহিম হাওলাদার বলেন, পর্যাপ্ত ক্লাসরুমের অভাবে নিয়মিত শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। একই সময়ে একাধিক ক্লাসের জন্য রুম না থাকায় অনেক সময় ক্লাস বাতিল বা পরিবর্তন করতে হয়। এতে শিক্ষার্থীদের পড়াশোনার ধারাবাহিকতা ও মানসিক অবস্থা ক্ষতিগ্রস্ত হচ্ছে। শিক্ষার্থী সংখ্যা বাড়লেও অবকাঠামোগত উন্নয়ন না হওয়ায় সমস্যা তীব্র হচ্ছে। তাই দ্রুত নতুন ভবন নির্মাণ ও ক্লাসরুম বাড়ানোর দাবি জানাচ্ছি।? এবিষয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. সানবিন ইসলাম বলেন, সবচেয়ে বড় সমস্যা হলো প্রতিটি বিভাগের মাত্র একটি করে ক্লাসরুম। একই সময়ে অনেক শিক্ষকের ক্লাস একসাথে পড়ে কিন্তু পর্যাপ্ত ক্লাস রুম না থাকায় শিক্ষকরা যথাযথভাবে তাদের লেকচার দিতে পারেন না। এখানে সমস্যাটা মূলত পুরো বিশ্ববিদ্যালয়ের, ক্লাসরুম সংকটের পাশাপাশি ক্লাসরুম সংকটের সাথে পুরোটা একটি সমস্যায় হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, ক্লাসরুম সংকটের কারণে মূল সমস্যা হলো যথাযথ শিক্ষা নিশ্চিত হচ্ছে না। যেমন একটা কোর্সে ৩০ বা ৩৫টা লেকচার হওয়ার উল্লেখ থাকলেও ক্লাস রুম সংকটের কারণে আমরা সেটা শিক্ষার্থীদের ডেলিভারি দিতে পারছি না। যার কারণে শিক্ষার্থীরা অনেক কিছু শিখতে পারছে না। ?করিডরে দাঁড়িয়ে ক্লাস নেওয়ার বিষয়ে তিনি বলেন, সেদিনের বিষয়টি ছিল, আমি নির্ধারিত সময়ের চেয়ে একটু বেশি সময় ক্লাস নিতে চেয়েছিলাম কিন্তু ক্লাস রুম ফাঁকা না থাকায় আমি করিডোরে দাঁড়িয়েই লেকচার দিয়েছি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. তৌফিক আলম বলেন, এখানে সংকট অনেক। শিক্ষার্থীদের ক্লাসরুম সংকট প্রকট। বিগত সময়ে এ বিষয়ে নজর দেয়া দরকার ছিল। অভ্যন্তরীণ প্রশাসনিক ও রাজনৈতিক সমস্যা এতো বেশি যে এখানে শিক্ষার্থীদের এই মারাত্মক সমস্যার দিকে নজর দেওয়া অসম্ভব করে ফেলেছে। আমি মন্ত্রণালয় কথা বলেছি। একটা ভবন হলেও আমাদের দ্রুত সময়ের মধ্যে দিতেই হবে বলেছি। সবকিছু মন্ত্রণালয়ে পাঠিয়েছি এখন অনুমোদনের অপেক্ষা।

বরিশাল জেলা আইন-শৃঙ্খলা

ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের ওপরও গুরুত্বারোপ করে তিনি। সভায় কিছু অসাধু ব্যবসায়ী ইচ্ছাকৃতভাবে তেল মজুদ করার মাধ্যমে বাজারে সংকট সৃষ্টি করে সাধারণ মানুষের ভোগান্তি বৃদ্ধি করছে বলে জানিয়ে কোথাও অস্বাভাবিকভাবে তেল মজুদ বা দাম বাড়ানো হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার পাশাপাশি লাইসেন্স বাতিল করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এসময় জেলা প্রশাসক তেল মজুত বা কৃত্রিম সংকটকারীদের বিরুদ্ধে কঠোর অভিযান পরিচালনা অব্যাহত থাকবে বলেও জানান। আইন-শৃঙ্খলা কমিটির সভায় উন্মুক্ত আলোচনায় বক্তারা বলেন, ব্যাটারি চালিত রিকশা আইনত অনুমোদিত নয়। অবৈধ অটোরিকশা শহরের প্রধান সড়কে যানজট সৃষ্টি করার পাশাপাশি প্রায়ই নিয়ম ভঙ্গ করে দুর্ঘটনার ঝুঁকি বৃদ্ধি করছে। এ রিকশাগুলো অবৈধভাবে চার্জ দেয়ার ফলে বিদ্যুৎ সংকটের পাশাপাশি পরিচালন বিভ্রাটও বৃদ্ধি পেয়েছে। এ অবৈধ যানগুলো বৈধ পরিবহন খাতকে ক্ষতিগ্রস্ত করছে বলেও বক্তারা অভিমত ব্যক্ত করেন। আইন-শৃঙ্খলা কমিটির সভায় পুলিশ সুপার এ, জেড, এম মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উপমা ফারিসা, মহানগর পুলিশ ও সামরিক বাহিনীর কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসার ও সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিতি ছিলেন।

সড়ক দুর্ঘটনায় সাবেক

ছিলেন। তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন নিহতের ভাই মাহবুব সৈকত। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, দুপুরে মোটরসাইকেলে করে বরিশাল থেকে ঝালকাঠির দিকে যাচ্ছিলেন হুমায়ুন কবির সাগর ও তার সঙ্গী ব্যবসায়ী সোহেল। পথিমধ্যে রায়াপুর এলাকায় পৌঁছালে মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা একটি গাছে ধাক্কা খায়। এতে ঘটনাস্থলেই হুমায়ুন কবির গুরুতর আহত হন এবং তার সঙ্গী সোহেলও আহত হন। স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক হুমায়ুন কবির সাগরকে মৃত ঘোষণা করেন। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করেছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

বরগুনায় হামে আক্রান্ত

এবং বেতাগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২ জনসহ অন্যান্য হাসপাতালে ৬ জন ভর্তি হয়েছেন। গত ৭ এপ্রিল সিভিল সার্জন কার্যালয় এক বিজ্ঞপ্তিতে জেলায় তিনজনের মৃত্যুর তথ্য নিশ্চিত করেছে, যার মধ্যে পাথরঘাটা উপজেলায় একজন এবং সদর উপজেলায় দুইজন রয়েছেন। স্বস্তির খবর হলো, আক্রান্তদের মধ্যে ১৭৯ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। তবে গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ১০ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। সরেজমিনে বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে শিশুদের পাশাপাশি কিছু বয়স্ক রোগীকেও হামের উপসর্গ নিয়ে চিকিৎসা নিতে দেখা গেছে। পরিস্থিতি মোকাবিলায় নেওয়া পদক্ষেপ সম্পর্কে বরগুনার সিভিল সার্জন ডা. মোহাম্মদ আবুল ফাত্তাহ বলেন, হামের ভাইরাস বায়ুবাহিত হওয়ায় সংক্রমণ দ্রুত ছড়ায়। তাই আমরা সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছি। আক্রান্ত রোগীদের জন্য হাসপাতালের নির্ধারিত আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসা দেওয়া হচ্ছে এবং প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি আরও জানান, হাম প্রতিরোধে টিকাদান কর্মসূচি জোরদার করা হয়েছে। জেলায় ২৭ হাজার শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, ইতোমধ্যে ১৫ হাজার শিশুকে টিকা দেওয়া সম্পন্ন হয়েছে। উপসর্গ দেখা মাত্রই দেরি না করে আক্রান্তদের দ্রুত নিকটস্থ হাসপাতালে নিয়ে আসা এবং আইসোলেশনে রাখার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য বিভাগের এই কর্মকর্তা। সঠিক সময়ে চিকিৎসা ও সচেতনতাই এই প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মূল ভূমিকা রাখবে বলে আশাবাদী সংশ্লিষ্টরা।

বরিশাল সিটিতে হামের

২১০ শিশুকে হামের টিকা দেওয়া হবে। আগামী ১০ মে পর্যন্ত এ কার্যক্রম চলবে। এর আগে গত ৫ এপ্রিল বরিশাল বিভাগের ৪ উপজেলায় হামের টিকাদান কর্মসূচি শুরু হয়। টিকাদান কার্যক্রম অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. শ্যামল কৃষ্ণ মন্ডল, বরিশাল সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল বারী প্রমুখ।

নগরীকে অবৈধ দখলমুক্ত

অভিযান চলবে। যতদিন পর্যন্ত অবৈধভাবে ফুটপাত ব্যবহার করা হবে, ততদিন অভিযান বন্ধ হবে না। সিটি করপোরেশনের প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস বলেন, কিছু মানুষের অবৈধ সুবিধার জন্য নগরবাসীকে কষ্ট পেতে দেওয়া হবে না। তিনি বলেন, মাঝে মাঝে কিছু ব্যক্তি অবৈধ দখলদারদের পক্ষ নিয়ে বিভ্রান্তি তৈরি করার চেষ্টা করেন। তবে নগরবাসীর স্বার্থই প্রশাসনের মূল বিবেচ্য। এর আগে ১০ এপ্রিলের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের নির্দেশ দিয়ে নগরজুড়ে মাইকিং করা হয়। পাশাপাশি নগর প্রশাসক বরিশাল প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন এবং নগর ভবনে সাধারণ মানুষের মতামত গ্রহণ করেন। এসব আলোচনায় নগরবাসীর দীর্ঘদিনের সমস্যা, নাগরিক সেবা উন্নয়ন, খেলার মাঠ ও পার্ক রক্ষণাবেক্ষণ, যানজট নিরসনসহ বিভিন্ন দাবি উঠে আসে। প্রশাসনের পক্ষ থেকে এসব সমস্যার বাস্তবসম্মত সমাধান করে একটি আধুনিক ও পরিকল্পিত নগরী গড়ে তোলার আশ্বাস দেওয়া হয়েছে।

বরিশালে শিশু ধর্ষণের

শিক্ষক। তার বাড়ি নাটোরের সিংড়া উপজেলার চরহিয়াতপুর গ্রাম। মামলার বরাতে পুলিশ জানায়, ভুক্তভোগী শিশু ওই মাদ্রাসার হিফজ বিভাগের আবাসিক শিক্ষার্থী। ১৫ মার্চ রাত আনুমানিক ১টার দিকে তাকে ঘুম থেকে ডেকে পাশের একটি কক্ষে নিয়ে ধর্ষণ করা হয়। পরে শিশুটি বিষয়টি পরিবারকে জানায়। শিশুটির স্বাস্থ্য পরীক্ষার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

সাবেক স্পিকার শিরীন

রাজধানীর লালবাগ থানাধীন আজিমপুর সরকারি কলোনির ভেতরে অন্যান্য আন্দোলনকারীর সঙ্গে মিছিল করছিলেন মো. আশরাফুল ওরফে ফাহিম নামে এক ব্যক্তি। ঘটনার দিন আসামিদের ছোঁড়া গুলিতে তার বাম চোখ নষ্ট হয়ে যায়। গত ১৭ জুলাই লালবাগ থানায় হত্যাচেষ্টা মামলা করেন আশরাফুল। এর আগে, তার আইনজীবী এ বি এম হামিদুল মিজবাহ জানিয়েছিলেন, আর কোনো মামলায় আটকাদেশ না থাকায় শিরীন শারমিনের কারামুক্তিতে বাধা নেই।

হাম ও উপসর্গ নিয়ে

২৮ জনের মৃত্যু হয়েছে। একই সময় সন্দেহজনক হামজনিত মৃত্যুর সংখ্যা ১৫১ জন। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন দুই হাজার ৬০৯ জন। এ সময় সন্দেহজনক হামে আক্রান্তের সংখ্যা ১৫ হাজার ৬২৩ জন। হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৫ হাজার ২২৫ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৭ হাজার ৫৫৬ জন।

স্বল্প সময়ে ১৩৩টি অধ্যাদেশ নিষ্পত্তিকরণ সংসদীয় গণতন্ত্রের অনন্য নজির

কীর্তনখোলা ডেস্ক

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সাংবিধানিক বাধ্যবাধকতা ও দেশের আইনি কাঠামোর ধারাবাহিকতা রক্ষায় অত্যন্ত স্বল্প সময়ের মধ্যে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ১৩৩টি অধ্যাদেশ নিষ্পত্তির মাধ্যমে সরকার সংসদীয় গণতন্ত্রের এক অনন্য নজির স্থাপন করেছে। মন্ত্রী রোববার (১২ এপ্রিল) দুপুরে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'জাতীয় সংসদে উত্থাপিত ১৩৩টি অধ্যাদেশ' বিষয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন। প্রেস ব্রিফিংয়ে মূল বক্তব্য রাখেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। আরও উপস্থিত ছিলেন চিফ হুইপ নুরুল ইসলাম মনি। মন্ত্রী বলেন, সংবিধানের ৯৩ অনুচ্ছেদ অনুযায়ী সংসদ অধিবেশন শুরুর ৩০ দিনের মধ্যে পূর্ববর্তী সরকারের আমলের অধ্যাদেশগুলো নিষ্পত্তির আইনি বাধ্যবাধকতা ছিল। পবিত্র ঈদুল ফিতর ও শবে বরাতের দীর্ঘ ছুটির কারণে কার্যদিবস কম থাকলেও সংসদ সচিবালয়, আইন মন্ত্রণালয়, বিজি প্রেস ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের দিনরাত পরিশ্রমে এই বিশাল কর্মযজ্ঞ সম্পন্ন হয়েছে। তিনি উল্লেখ করেন, সময়ের সীমাবদ্ধতা সত্ত্বেও বিধি মোতাবেক (জঁষবং ড়ভ চৎড়পবফঁৎব) জাতীয় সংসদের স্পিকারের বিশেষ এখতিয়ারে বিলগুলো উত্থাপন ও নিষ্পত্তি করা হয়েছে। মন্ত্রী আরও বলেন, স্থায়ী কমিটিগুলো এখনো গঠিত না হওয়ায় একটি 'বিশেষ সংসদীয় কমিটি'র মাধ্যমে এই ১৩৩টি অধ্যাদেশ পর্যালোচনা করা হয়েছে। কমিটির সুপারিশ ও পাসের প্রক্রিয়া সম্পর্কে তিনি জানান, ৯৮টি অধ্যাদেশ অবিকল (অং রঃ রং) অবস্থায় সর্বসম্মতিক্রমে পাসের সুপারিশ করা হয়েছে। ১৬টি অধ্যাদেশ অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য পরবর্তী অধিবেশনে বিল আকারে উত্থাপনের সিদ্ধান্ত হয়েছে। অবশিষ্ট অধ্যাদেশগুলো সংশোধিত আকারে অথবা রহিত ও হেফাজতকরণের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় সংসদে উত্থাপিত বিল সংখ্যা নিয়ে বিরোধীদলীয় নেতার প্রশ্ন ও ভুল বোঝাবুঝির জবাবে মন্ত্রী বলেন, আইনমন্ত্রী ফ্লোরে জবাব দিয়েছেন যে ৯১টার মধ্যেই কিন্তু বাকি ১৭টা অন্তর্ভুক্ত। কারণ কোনো কোনো অধ্যাদেশ জারি হওয়ার ১৫-২০ দিন, এক মাস, দুই মাস পরে দ্বিতীয় সংশোধনী আনা হয়েছে, কোথাও কোথাও তৃতীয় সংশোধনীও আনা হয়েছে। মূলত অধ্যাদেশ একটাই। যখন বিল আকারে উত্থাপন করা হয় জাতীয় সংসদে, সব অধ্যাদেশগুলোকে এক করে একটা বিল আকারেই উত্থাপন করা হয়েছে। এটা হয়তো বিরোধীদলীয় নেতা খেয়াল করেননি। 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর' বিল নিয়ে বিরোধীদলের ওয়াকআউটের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার এ বিষয়ে অত্যন্ত সংবেদনশীল ও উদার। কিউরেটর নিয়োগ ও পদত্যাগ সংক্রান্ত বিধিগুলো আরও স্বচ্ছ ও যৌক্তিক করার সুযোগ রয়েছে। তিনি বলেন, আগামী অধিবেশনে এটি আরও আলোচনা ও সংশোধনের মাধ্যমে পুনরায় উপস্থাপন করার সুযোগ রয়েছে।

স্কুলে পাঠদান বাড়াতে অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়োগের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

সারা দেশে বিদ্যালয়ের শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের পাঠদান বাড়াতে অবসরপ্রাপ্ত ও শারীরিকভাবে সক্ষম শিক্ষকদের তালিকা তৈরির নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এই তালিকাভুক্ত শিক্ষকদের মধ্য থেকে প্রয়োজন অনুযায়ী শিক্ষক নিয়োগের জন্য সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটিকে নির্দেশ দেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-১ শাখার সিনিয়র সহকারী সচিব শিরীন আক্তার স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে এ তথ্য জানানো হয়। দেশের সব জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ছাড়াও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে দেওয়া শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষকদের পুল গঠন সংক্রান্ত চিঠিতে বলা হয়েছে, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক স্বল্পতা এবং এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগে বিলম্ব হওয়ার কারণে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। চিঠিতে বলা হয়েছে, শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা এবং গুণগত ও মানসম্পন্ন শিক্ষা দানের উদ্দেশ্যে অভিজ্ঞ এবং শারীরিকভাবে সক্ষম অবসরপ্রাপ্ত শিক্ষকদের সমন্বয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/অ্যাডহক কমিটির অনুমোদনক্রমে অবসরপ্রাপ্ত শিক্ষক পুল গঠনের বিষয়ে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো। উপজেলাভিত্তিক উপজেলার অবসরপ্রাপ্ত ও শারীরিকভাবে সক্ষম শিক্ষকদের দিয়ে একটি অবসরপ্রাপ্ত শিক্ষক পুল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক (সকল)-কে অনুরোধ করা হলো। শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে আরও বলা হয়েছে, সংশ্লিষ্ট উপজেলার ইউএনওর পরামর্শক্রমে সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/অ্যাডহক কমিটির অনুমোদনক্রমে প্রয়োজনের নিরিখে সাময়িকভাবে উক্ত পুল থেকে শিক্ষক নিয়োগ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলের অত্যাবশ্যকীয় খাত থেকে এ সংক্রান্ত সম্মানী ব্যয় নির্বাহ করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে অনুরোধ করা হলো।

সাবেক আইনমন্ত্রী শফিক আহমেদ মারা গেছেন

কীর্তনখোলা ডেস্ক

সাবেক আইনমন্ত্রী ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার শফিক আহমেদ মারা গেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রোববার (১২ এপ্রিল) বিকেল সাড়ে ৫টার দিকে ধানমন্ডির একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার বয়স হয়েছিল ৮৯ বছর। বিষয়টি নিশ্চিত করেন ছেলে ব্যারিস্টার মাহবুব শফিক। ব্যারিস্টার শফিক আহমেদ ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী ছিলেন। এছাড়া তিনি সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি এবং বাংলাদেশ বার কাউন্সিলের সাবেক ভাইস চেয়ারম্যান ছিলেন। ১৯৩৭ সালে কুমিল্লায় জন্মগ্রহণ করেন শফিক আহমেদ। ১৯৬৭ সালে তিনি লন্ডনের কিংস কলেজ থেকে এলএলএম ও লিংকনস ইন থেকে বার অ্যাট ল ডিগ্রি লাভ করেন।

ছড়াকার মানসুর মুজাম্মিলের

শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৬০ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। সকাল সাড়ে ৯টায় রাজধানীর গোড়ান ছাপড়া মসজিদে তার প্রথম জানাজা শেষে গ্রামের বাড়ি চাঁদপুরের শাহরাস্তীর দশনাপাড়ায় বেলা ২টায় দ্বিতীয় জানাজা শেষে তাকে সমাহিত করা হবে। জনপ্রিয় ছড়াকার মানসুর মুজাম্মিলের মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন বরিশালের শেকড় সাহিত্য সংসদের সভাপতি কবি নয়ন আহমেদ, সহ-সভাপতি কবি আল হাফিজ, সাধারণ সম্পাদক কবি পথিক মোস্তফাসহ অন্যান্য কবি-সাহিত্যিকবৃন্দ। এছাড়াও শোক জানিয়েছেন কবিতা পরিষদ, বরিশালের সভাপতি কবি মুস্তফা হাবীব, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক কবি মাহবুব রহমানসহ কবিতা পরিষদ, বরিশালের অন্যান্য সদস্যবৃন্দ। সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকে তাকে নিয়ে স্মৃতিচারণ করছেন। মানসুর মুজাম্মিলের প্রকাশিত উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছেঃ তাওয়ায় জ্বলা রুটি, সোনার বরণ মেয়ে, চাঁদের হাসি, তাজা খুন, এক ব্যাগ অফিসার, হারিয়ে যাবার দিন, সবার সাথে আছি, পা চালিয়ে যাও, দশ আকাশ এবং সুগন্ধি গাছের কাছে। তার ছড়া ও কবিতায় সমাজবাস্তবতা, মানবজীবনের সংগ্রাম এবং সময়ের প্রতিচ্ছবি গভীরভাবে ফুটে উঠেছে।

কাউখালীতে রাস্ট্রীয় আইন

ব্যবসায়ীদের সচেতন করা হয়। একই সঙ্গে মাদক, অবৈধ অস্ত্র ও অন্যান্য নিষিদ্ধ দ্রব্যের বিরুদ্ধে তল্লাশি কার্যক্রম জোরদার করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা,অপরাধ দমন এবং জননিরাপত্তা নিশ্চিত করতেই এ ধরনের বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। অভিযানে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও জনবহুল এলাকায় টহলও জোরদার করা হয় বলে জানা গেছে। এ বিষয়ে ওসি মোঃ ইয়াকুব হোসাইন বলেন, “সরকারি নির্দেশনা বাস্তবায়ন এবং জনগণের জানমাল রক্ষায় আমাদের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আমরা সর্বদা তৎপর রয়েছি। তিনি আরও জানান,অপরাধ দমনে কঠোর অবস্থান বজায় রেখে কাউখালী উপজেলায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে পুলিশের এই কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হবে।

ভান্ডারিয়ায় ইলিশের আকাল

আবহকাল ধরে মেনে আসছেন। তার পরেও তারা পহেলা বৈশাখ সকালে চিরা, মুরি, দুধ, দই, ক্ষির মিস্টির পরে পান্তা ইলিশের আয়োজন থাকত। কিন্তু এখন তা শুধু অতীথ !! কারন ইলিশের দেশ খ্যাত এই দেশের ইলিশ নিজেদের চাহিদার পরেও বিদেশে রপ্তানি করা হয়ে থাকে। কিন্তু বর্তমান সময়ে নানা মুখি সংকটের কারনে কাংঙ্খিত ইলিশের দেখা মেলেনা। সরেজমিনে গত কয়েক দিন ধরে উপজেলা সদরের মাছের হাট,সান্ধ্যকালীন মাছের বাজারছাড়াও জেলেপল্লি খ্যাত চরখালি ফেরিঘাট এলাকাসহ বলেশ্বর নদ এবং কচাঁ,পোনা,কালিগঙ্গা ও সন্ধ্যা নদী লাগোয়া জেলেপারা এবং হাট-বাজারেও কাংঙ্খিত ইলিশের দেখা মেলেনি। দু একটি মাঝারি সাইজের ইলিশ যা ঝাটকা নামে পরিচিত তার দেখা মিললেও দাম চরা। এসময় আলাপকালে ৬০’ওর্ধ বয়সী জেলে মো.রুহুল আমীন হাওলাদার জানান, পূর্বের তুলনায় সাগর বা নদ,নদীতে মাছ এখন অনেক কম পাওয়া যায়। তিনি বলেন, বাপ-দাদার আদি পেশা। আমি নিজেও দীর্ঘ ৩০বছর এই পেশায় সাগর,নদীর জলে জীবন পার করছি !! বছর দশেক আগেও মোটা মুটি ভালো মাছ পাওয়া যেত। সকল খরচ বাদ দিয়ে স্ত্রী,সন্তান নিয়ে ভালই ছিলাম। বর্তমানে একদিকে প্রাকৃতীক দুর্যোগ অন্যদিকে কৃত্তিম সংকটের ফলে জলের জীবন দবীসহ হয়ে পরেছে। এখন যে মাছ পাওয়া যায় তা বিক্রি করে মহাজনের দাদন,এনজিওর কিস্তি, স্টাফদের খরচ দিয়ে মূল খরচও ওঠেনাঅ তার পরেও জীবণ বাঁচাতে হবে তো !! অন্য জেলে মো. সবুজ,মো. আমির হোসেন বর্তমানে জ্বালানি সংকটসহ আড়ৎ,মহাজন,দাদনসহ একই কথা জানান। তারা আরো জানান,বর্তমানে মাছও কম। যা পাওয়া যায় তাও দুই তিন হাত বদলে ক্রেতাদের একটু চরা দামেই কিনতে হয়। এ বিষয়ে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা মৎস্য কর্মকর্তা সৈয়দ নজরুল ইসলাম জানান, বর্তমানে সাগর ,নদ-নদীতে মাছের সরবরাহ কম। বড় মাছ প্রজনন শেষে সাগর চলে গছে। স্থানীয় নদী গুলোতে ছোট সাইজের ঝাটকা পোনা প্রচুর। আর ঝাটকা নিধন সম্পূর্ণ নিশিদ্ধ। তা ছারা গেল দু দিন আগে ঝাটকা সপ্তাহ ছিল এবং আগামী ১৫ই এপ্রিল থেকে ১১জুন পর্যন্ত টানা ৫৮দিন সাগরে মাছ ধরা নিষিদ্ধ। সে কারনে এখন সাগরে গিয়ে মাছ শিকার করা অসম্ভব তাই পহেলা বৈশাখে মাছের সরবরাহ খুবই কম থাকবে এবং যদি পাওয়া যায় দামও বেশি থাকবে। তবে সামুদ্রিক মাছ ,রাম ছোচ,পোমাসহ অন্যান্য সামুদ্রিক মাছ পাওয়া যাবে।

জুলাই সনদ নিয়ে বিরোধী দল

১৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত মিলাদ ও দোয়া মাহফিল শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আন্দালিব রহমান পার্থ বলেন, জুলাই সনদকে কেন্দ্র করে বিরোধী দল এমনভাবে বিষয়টি উপস্থাপন করছে, যাতে সরকার ও বিরোধী দলের মধ্যে অপ্রয়োজনীয় মুখোমুখি পরিস্থিতি তৈরি হচ্ছে। তিনি বলেন, ‘আমরা জুলাই সনদকে মানি এবং এর প্রতিটি দফাকে সম্মান করি।’ তিনি আরও বলেন, বিরোধী দল অযথা বিভ্রান্তি ছড়াচ্ছেড় যেন সরকার এই সনদ মানে না বা মানবে না। ‘প্রতারণা’ শব্দ ব্যবহারের সমালোচনা করে তিনি বলেন, এটি অত্যন্ত কঠোর শব্দ এবং এ ধরনের ভাষা ব্যবহার থেকে বিরত থাকা উচিত। এর আগে মরহুম নাজিউর রহমান মঞ্জুর মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্দালিব রহমান পার্থ। অনুষ্ঠান শেষে তার রুহের মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

প্রাইভেট কার ও যানবাহনের ভয়াবহ

বাসের সঙ্গে সংঘর্ষ হয় । এ সময় যানবাহ দুটি দুমড়ে মুছরে যায়। প্রত্যক্ষদর্শীরা আরো জানান, সংঘর্ষের মুহূর্তেই গাড়ির দরজা খুলে যায় এবং একটি শিশু ছিটকে পাশের খাদে পড়ে যায়। আহত হয় ৫ জন। তারা দ্রুত খাদ থেকে শিশুটিকে উদ্ধার করেন এবং আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে নেয়া হয়। গাড়িতে আটকে পড়া অন্যান্য যাত্রীদের বের করে আনেন।

তাপবিদ্যুৎ কেন্দ্রের জাহাজঘাটে দখল নিয়ে

ট্রলারটি নদীতে ডুবিয়ে দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা যায়, জয়ালভাঙ্গা এলাকার আইসোটেক তাপবিদ্যুৎ কেন্দ্র চালুর পর থেকে জাহাজঘাটে খেয়া পারাপার নিয়ে বিরোধ চলছে। প্রথমে স্থানীয় সগির মিয়া জাহাজের লোকজন পারাপারের দায়িত্বে ছিলেন। পরে ২০২৪ সালের আগস্টে তাঁকে সরিয়ে ঘাটের নিয়ন্ত্রণ নেন ইউপি সদস্য জাহিদ খান। এরপর থেকে ইলিয়াস চৌকিদারের সঙ্গে তাঁর বিরোধ চলছিল। এর আগে গত সপ্তাহে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় থানায় মামলা হয়। শনিবার তালতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরীফুল ইসলাম দুই পক্ষকে নিয়ে সমঝোতার চেষ্টা করেন। তবে পরদিনই আবার সংঘর্ষের ঘটনা ঘটে। অভিযোগ অস্বীকার করে ইউপি সদস্য জাহিদ খান বলেন, আমার লোকজনের ওপরই উল্টো হামলা হয়েছে। ট্রলার ডুবানো বা কাউকে মারধরের ঘটনা ঘটেনি। তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল কর্মকর্তা ডা. আইরিন আলম বলেন, আহত সোহাগ চৌকিদারের অবস্থা গুরুতর হওয়ায় তাঁকে বরিশালে পাঠানো হয়েছে। তালতলী থানার ওসি মো. শরীফুল ইসলাম বলেন, শান্তি-শৃঙ্খলা রক্ষায় দুই পক্ষকে সমঝোতা করা হয়েছিল। এরপরও মারধরের ঘটনা ঘটেছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ইসরায়েলি বাহিনীর ওপর নতুন

চালানো হয়েছে, যেখানে একটি কমান্ড দল ছিল বলে দাবি করা হয়। অন্য এক বিবৃতিতে তারা জানায়, উত্তর ইসরায়েলের কিরিয়াত শমোনা ব্যারাকে একাধিক ড্রোন দিয়ে হামলা চালানো হয়েছে। এদিকে মধ্যপ্রাচ্যের সংঘাত নিরসনে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের আলোচনা কোনো চূড়ান্ত সমঝোতায় পৌঁছাতে পারেনি। তবে আপাতত উভয় পক্ষের মধ্যে যুদ্ধবিরতি বহাল রয়েছে, যা পরিস্থিতিতে কিছুটা স্বস্তি এনে দিয়েছে। ইসলামাবাদে অনুষ্ঠিত এই বৈঠক ছিল ১৯৭৯ সালের বিপ্লবের পর দুই দেশের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ সংলাপ। বৈঠক শেষে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেন, যুক্তরাষ্ট্র তাদের চূড়ান্ত ও সর্বোত্তম প্রস্তাব দিয়েছে এবং এখন সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব ইরানের। অন্যদিকে, ইরানের পার্লামেন্ট স্পিকার অভিযোগ করেন, যুক্তরাষ্ট্র তাদের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছে।

ফের ইরানের বিরুদ্ধে পদক্ষেপ

যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে বলেন, ইরানের ওপর অর্থনৈতিক চাপ বাড়াতে এই ধরনের পদক্ষেপ নেওয়া যেতে পারে। বিশেষ করে ইরানের তেল রপ্তানি কমিয়ে আনা এবং চীন ও ভারতের মতো বড় ক্রেতাদের কাছে সরবরাহ বাধাগ্রস্ত করাই এর মূল লক্ষ্য। বিশ্লেষকদের মতে, সামুদ্রিক অবরোধ মানে হলো সমুদ্রপথে কোনো দেশের পণ্য পরিবহন বন্ধ বা নিয়ন্ত্রণ করা। এই ক্ষেত্রে যুক্তরাষ্ট্র যদি এমন পদক্ষেপ নেয়, তাহলে ইরানের তেল রপ্তানি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। খবরে বলা হয়েছে, ট্রাম্প আগে ভেনেজুয়েলার বিরুদ্ধে একই ধরনের কৌশল প্রয়োগের উদাহরণ তুলে ধরেছেন। সেই সময় সমুদ্রপথে সীমাবদ্ধতা আরোপ করে দেশটির অর্থনীতিতে চাপ সৃষ্টি করা হয়েছিল। এর আগে পাকিস্তানের ইসলামাবাদে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে দীর্ঘ আলোচনার পরও কোনো সমঝোতা হয়নি। দুই পক্ষের মধ্যে বিশেষ করে পারমাণবিক কর্মসূচি এবং হরমুজ প্রণালি ইস্যুতে বড় ধরনের মতপার্থক্য রয়ে গেছে। যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স জানিয়েছেন, ইরান পারমাণবিক অস্ত্র কর্মসূচি ত্যাগে রাজি না হওয়ায় আলোচনা ব্যর্থ হয়েছে। এদিকে বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন, ইরানের বিরুদ্ধে সামুদ্রিক অবরোধ আরোপ করা হলে তা শুধু দুই দেশের সম্পর্ককেই নয়, বৈশ্বিক অর্থনীতিকেও প্রভাবিত করবে। কারণ হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল পরিবাহিত হয়। এই পথে বাধা সৃষ্টি হলে আন্তর্জাতিক বাজারে তেলের দাম আরও বেড়ে যেতে পারে।

উজিরপুরে ডাকাতি, আতঙ্কে

ভাষ্যমতে, ঘটনার রাতে তিনি ও বাসার একজন গৃহকর্মী ঘরে অবস্থান করছিলেন। তার স্ত্রী ও পরিবারের অন্য সদস্যরা বরিশালে আত্মীয়ের বাসায় ছিলেন। ১০থেকে ১২ জনের একটি সংঘবদ্ধ ডাকাত দল জানালা ভেঙে ঘরে প্রবেশ করে। এ সময় ডাকাতদের কয়েকজন তাকে হাত বেঁধে কম্বল দিয়ে পেঁচিয়ে ফেলে এবং অন্য কক্ষে থাকা গৃহকর্মীকেও একইভাবে বেঁধে ফেলে। পরে আলমিরা থেকে নগদ ১ লাখ ৮০ হাজার টাকা, ৭ ভরি স্বর্ণালংকার লুট করে নেয়। ডাকাতদের বয়স ৩০ থেকে ৪০ বছরের মধ্যে বলে জানান তিনি। এ ঘটনায় ভুক্তভোগী ও গৃহকর্মী শারীরিকভাবে অক্ষত রয়েছেন বলে জানা গেছে। ঘটনার খবর পেয়ে উজিরপুর থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। পুলিশ জানিয়েছে, ঘটনার রহস্য উদ্ঘাটন ও জড়িতদের গ্রেপ্তারে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকলেও স্থানীয়দের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

ইট-বালু বিক্রির প্রতিষ্ঠানে

‘মোল্লা এন্টারপ্রাইজের’ স্বত্বাধিকারী মো. সিদ্দিকুর রহমান মোল্লা কৃত্রিম সংকট সৃষ্টির লক্ষ্যে অবৈধভাবে বিপুল পরিমাণ ডিজেল মজুদ করে রেখেছিলেন। পরে ঘটনাস্থলে গিয়ে অভিযোগের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ওই প্রতিষ্ঠানটি মূলত ইট-বালু বিক্রির প্রতিষ্ঠান হলেও সেখানে ডিজেল মজুতের কোনো অনুমোদন ছিল না। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কামরুন্নাহার তামান্না, এ সময় তাকে ১০ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। পাশাপাশি তার প্রতিষ্ঠানে মজুত করা ২ হাজার ৬ শত লিটার ডিজেল জব্দ করা হয়। এসব তেল সরকারি নির্ধারিত মূল্যে বিক্রি করে প্রাপ্ত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়া হয়েছে।

শিক্ষক-শিক্ষিকাদের উপর শিশুর

শিক্ষক-শিক্ষিকাদের উপর।” তিনি আরও বলেন, “কোমলমতি ছেলে-মেয়েদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষকদের ভূমিকা অপরিসীম এবং অপরিবর্তনীয়। তাই শিক্ষকদের শুধু পাঠদান নয়, নৈতিকতা ও মূল্যবোধ শিক্ষা দেওয়ার দিকেও সমান গুরুত্ব দিতে হবে।” সভায় সভাপতিত্ব করেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আখতার হোসেন। শিক্ষকদের এই গুরুদায়িত্ব পালনে উৎসাহ প্রদান এবং বিদ্যালয়ের সার্বিক শিক্ষার পরিবেশ উন্নয়নে এমপি মহোদয়ের দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থিত শিক্ষক সমাজে ব্যাপক অনুপ্রেরণা জুগিয়েছে।

আগৈলঝাড়ায় রাতের আঁধারে

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, ৮নং ওয়ার্ড বিএনপি’র সাধারন সম্পাদক রফিকুল ইসলাম লাল মিয়া ও বাজারের ব্যবসায়ী জাহাঙ্গীর শিকদার গভীর রাতে জাল ফেলে মাছ ধরে। পরে স্থানীয় সাইফুল হাওলাদারের নছিমন গাড়ীতে বহন করে ১২ কিলোমিটার দুরে মাহিলাড়া বাজারে নিয়ে প্রায় দুই লক্ষ টাকায় মাছ বিক্রি করেন বলে স্থানীয়রা জানান। মাছ বহনকারী নছিমনের চালক সাইফুল হাওলাদারকে একটি মাছ খেতে দেয় মাছ বিক্রেতারা। ওই মাছটি তার স্ত্রী মুক্তা বেগম বুধবার ভোর রাতে কাটতে গেলে একই বাড়ি মহিউদ্দিন হাওলাদার দেখে মাছের বিষয় জানতে চায়। তখন সাইফুল জানান মসজিদের পুকুর থেকে রাতের আঁধারে মাছ ধরে তার নছিমনে নিয়ে বিক্রি করা হয়েছে। মহিউদ্দিন হাওলাদার বিষয়টি গোপন রেখে বৃহস্পতিবার রাতে পাহারা দিয়ে মাছ ধরতে দেখে চিৎকার করে স্থানীয়দের জানান। রাতে গোপনে মাছ ধরার বিষয়টি জানাজানি হলে স্থানীয়, বাজারের ব্যবসায়ী ও মসজিদের মুসল্লীদের মাঝে চরম ক্ষোভ দেখা দেয়। স্থানীয়রা জানান, রাতের অন্ধ্যাকারে গোপনে মসজিদ কমিটির সভাপতি বা কাউকে না জানিয়ে মাছ ধরা ঠিক হয়নি। বাজারের ব্যবসায়ী জামাল হাওলাদার জানান, ভোর রাতে অজু করতে এসে দেখি তারা মাছ ধরে নছিমনে নিয়ে যাচ্ছে। মসজিদের পুকুরের মাছ বিক্রি করতে হলে পূর্বেই মসজিদে আলোচনা করার প্রয়োজন ছিল। শুক্রবার জুম্মার নামাজের সময় ইমাম জানিয়েছে মসজিদ ফান্ডে কিছু টাকা রয়েছে। পুকুরের গাইড ওয়াল মেরামত করা হবে। এটা মাছ বিক্রির টাকা কিনা তাও বলেননি। ওই মসজিদের মুসল্লী ছরোয়ার হোসেন বলেন, মাছ ধরার বিষয় মসজিদে কোন আলোচনা হয়নি। এমনকি শুক্রবার জুম্মার নামাজের আগে-পরেও কখনও কোন আলোচনা হয়নি। এবিষয়ে ওই মসজিদ কমিটির সভাপতি ও ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফা সরদার সাংবাদিকদের জানান, মসজিদের পুকুরের মাছ ধরার বিষয় আমাকে কেউ জানায়নি। আমি তিনবছর পূর্বে নিজের টাকায় ওই পুকুরে মাছের পোনা ও খাবার সরবরাহ করেছি। এব্যাপারে মাছ ধরায় অভিযুক্ত রত্নপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সাধারন সম্পাদক রফিকুল ইসলাম লাল মিয়া বলেন, পুকুরের মাছে রোগ হওয়ায় মাছ ধরে বিক্রি করা হয়েছে। মসজিদের ইমাম মসজিদ কমিটির সভাপতিকে ফোন দিয়ে তাকে পায়নি বলে আমাকে জানিয়েছে। অপর অভিযুক্ত রত্নপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ জানান, সকলকে জানিয়ে মসজিদের উন্নয়ন কাজের জন্য মাছ ধরে বিক্রি করা হয়েছে। তবে উক্ত বিষয় নিয়ে এলাকায় তোলপাড় সৃষ্টি হয়েছে।

কুয়াকাটা সৈকতে ভেসে

ডলফিনের মতো লম্বা ঠোঁট থাকে না। দক্ষিণ-পূর্ব এশিয়ার অগভীর উপকূলীয় জল ও বড় নদীগুলোতে এদের বসবাস। এটি একটি বিপন্ন প্রজাতি এবং সামুদ্রিক পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উপরার যুগ্ম আহ্বায়ক আবুল হোসেন রাজু বলেন, ‘বারবার মৃত ডলফিন ও কচ্ছপ ভেসে আসা প্রমাণ করে আমাদের সামুদ্রিক পরিবেশ হুমকির মুখে। অনিয়ন্ত্রিত মাছ ধরা, প্লাস্টিক দূষণ ও নৌযানের অসচেতন চলাচল এর জন্য দায়ী হতে পারে।’ কুয়াকাটা ডলফিন রক্ষা কমিটির টিম লিডার রুমান ইমতিয়াজ তুষার বলেন, ‘এ ধরনের ঘটনা আমাদের জন্য অশনিসংকেত। ডলফিনের মৃত্যু উপকূলীয় পরিবেশের অবনতির ইঙ্গিত দেয়। দ্রুত কারণ অনুসন্ধান করে কার্যকর ব্যবস্থা নেওয়া জরুরি।’ বন বিভাগের মহিপুর রেঞ্জ কর্মকর্তা মো. মনিরুজ্জামান জানান, ডলফিনটির মৃত্যুর সঠিক কারণ নির্ধারণে তদন্ত চলছে। পাশাপাশি উপকূলীয় এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে এবং স্থানীয়দের সচেতন করতে কাজ করা হচ্ছে। সচেতন মহলের মতে, এ ধরনের ঘটনা বারবার ঘটতে থাকলে তা সামুদ্রিক জীববৈচিত্র্যের জন্য বড় হুমকি হয়ে দাঁড়াবে। তাই দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন তাঁরা।

ভাণ্ডারিয়া-রাজাপুর সীমান্ত

মল্লিকসহ পরিবারের লোকজন বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে রাত আনুমানিক ১টার দিকে গৌরিপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের সমিতির হাট সংলগ্ন ভাণ্ডারিয়া ও রাজাপুর উপজেলার সীমান্ত একটি ছোট খালে মাছ ধরার খুচইন জাল ভাসতে দেখে তাদের সন্দেহ হয়। এরপর খালে নেমে খোঁজ করলে তারা হৃদয় হাওলাদারের মরদেহ উদ্ধার করেন। পরবর্তীতে স্বজনরা মরদেহটি নিজ বাড়িতে নিয়ে যান বলে জানা গেছে। এ বিষয়ে ভাণ্ডারিয়া ও রাজাপুর থানার অফিসার ইনচার্জদের সঙ্গে যোগাযোগ করা হলে ভিন্ন ভিন্ন বক্তব্য পাওয়া যায়। ভাণ্ডারিয়া থানার অফিসার ইনচার্জ দেওয়ান জগলুল হাসান জানান, ঘটনাস্থলে পুলিশ গিয়েছিল। তবে ঘটনাটি মূলত রাজাপুর থানার আওতাধীন হওয়ায় মরদেহ স্বজনরা রাজাপুর এলাকায় নিয়ে গেছেন। অন্যদিকে রাজাপুর থানার অফিসার ইনচার্জ নজরুল ইসলাম জানান, ঘটনাটি সম্পর্কে তিনি অবগত হয়েছেন। বিস্তারিত তথ্য জেনে পরে জানাবেন বলে জানান তিনি। এ ঘটনায় মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটনে তদন্তের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

খেলতে গিয়ে পুকুরে

করে দ্রুত জিয়ানগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামিম হাওলাদার জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ মর্মান্তিক ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। শিশুটির স্বজনদের আহাজারিতে পুরো পরিবেশ ভারী হয়ে ওঠে।

ঘর থেকে যুবকের

৮টার দিকে তার বাবা ঘরের জানালা দিয়ে তাকিয়ে দেখেন, তার ছেলে সিলিং ফ্যানের সঙ্গে ঝুলে আছে। এ সময় তিনি চিৎকার শুরু করলে স্থানীয়রা এগিয়ে আসে। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠায়। বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সিদ্দিকুর রহমান জানান, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ফার্নেস অয়েলের দাম

পরিস্থিতির কারণে ১ মার্চ থেকে ১২ এপ্রিল প্রকাশিত ফার্নেস অয়েলের প্ল্যাটস রেটের গড় এবং ফেব্রুয়ারি ২০২৬ মাসে আমদানি করা ক্রুড অয়েলের এফওবি মূল্যের ভিত্তিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক সরবরাহ করা ফার্নেস অয়েলের মূল্যহার সমন্বয় করা হয়েছে। ফার্নেস অয়েল মূলত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), সরকারি/বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদনের কাজে এবং শিল্প কারখানা এবং অন্যান্য গ্রাহক ব্যবহার করে।

মেহেন্দিগঞ্জে জেলেদের

ও প্রতিবাদ সভার আয়োজন করেন। উক্ত মানববন্ধনে বক্তব্য রাখেন,মোহাম্মদ আলী গাজী, আব্দুর রাজ্জাক, আমজাদ হোসেন, জসিম সরদার সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ। এসময় ভক্তরা বলেন, মৎস্য অফিস সহকারী মোহাম্মদ জাহিদ হাসান জেলেদের জাল আটক করে টাকার বিনিময় ছেড়ে দেওয়া সহ বিভিন্ন অনিয়মে জড়িয়ে পরেছেন, অবিলম্বে মেহেন্দিগঞ্জ থেকে তার অপসারণ দাবি করছি, তাকে দ্রুত সময়ের মধ্যে অপসারণ করা না হলে মৎস্য অফিস ঘেরাও করা সহ কঠোর আন্দোলনের ডাক দেন মানববন্ধনে আসা মৎস্যজীবি নেতৃবৃন্দ।

একসঙ্গে ৫ সন্তানের জন্ম

খাচ্ছেন তাদের বাবা সোহেল। সন্তান জন্মের পর থেকে লামিয়া আক্তার শিশুদের নিয়ে তার বাবার বাড়িতে অবস্থান করছেন। বাউফল উপজেলার ধূলিয়া ইউনিয়নের চাঁদকাঠি গ্রামে লামিয়ার বাবা ফারুক হাওলাদারের বাড়িতে গিয়ে দেখা যায়, পাঁচ শিশুর সেবাযত্নে ব্যস্ত পুরো পরিবার। ভোরের আগেই শুরু হয় শিশুদের পরিচর্যা-খাওয়ানো, গোসল করানো ও কাপড় বদলাতে গিয়ে একপ্রকার দিশাহারা হয়ে পড়েন স্বজনরা। রাতেও শিশুদের দেখাশোনায় নির্ঘুম সময় কাটান মা। মা লামিয়া আক্তার বলেন, আল্লাহ আমাকে পাঁচটা সন্তান দিয়েছেন, আমি শুধু চাই ওরা সুস্থ থাকুক। সন্তানদের সেবাযত্ন করে সুস্থ্য রাখার জন্য আমার ঘুম-নিদ্রা কিছুই নাই। ওদের বাবার অল্প আয় দিয়ে বাচ্চাদের নিয়ে চলতে আমাদের খুবই কষ্ট হয়। শিশুদের নানি শাহনাজ বেগম (৪৫) বলেন, আমরা খুবই খুশি আল্লাহ আমাদের পাঁচটা নাতি-নাতনি দিয়েছেন। কিন্তু জন্মের পর থেকেই খুব কষ্ট হচ্ছে। ওদের বাবার ছোট দোকান, এ আয় দিয়ে খুব কষ্টে দিন যাচ্ছে। ওরা এখন আমাদের বাড়িতেই থাকে। আমার স্বামীও দিনমজুর, ইটভাটায় কাজ করেন। আমাদের পাশে যদি কেউ দাঁড়ায় তাহলে কষ্ট দূর হত। শিশুদের বাবা মো. সোহেল হাওলাদার স্থানীয় বাজারে একটি মুদি দোকান পরিচালনা করেন। তার স্বল্প আয়ে ১০ সদস্যের পরিবারের ভরণপোষণ চালানো এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। সোহেল বলেন, প্রতিদিন শিশুদের পেছনে প্রায় ২ হাজার টাকা খরচ করতে হয়। বর্তমানে ১০ সদস্যের পরিবারে শিশুদের দুধের টাকা যোগাতে আমার খুবই কষ্ট হচ্ছে। রাতে টেনশনে ঘুম হয় না। সমাজের বিত্তবানরা আমাদের পাশে দাঁড়ালে আমার কষ্ট দূর হতো। সরকারের কাছেও আমার আবেদন তারা যেন আমাদের পাশে দাঁড়ায়। এ বিষয়ে বাউফল উপজেলা সমাজসেবা কার্যালয়ের ফিল্ড সুপারভাইজার হুমায়ুন কবির জানান, সমাজসেবা থেকে সরাসরি এ বিষয়ে কোনো সহায়তা না থাকলেও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের একটি তহবিল রয়েছে। ওই তহবিল থেকে প্রতিবছর বিভিন্ন বিষয়ে অনুদান দেওয়া হয়। পরিবারটি আবেদন করলে তাদের সহায়তার ব্যবস্থা করা যেতে পারে। উল্লেখ্য, ২০২৫ সালের ৬ অক্টোবর বরিশালের একটি বেসরকারি হাসপাতালে কোনো ধরনের অস্ত্রোপচার ছাড়াই পাঁচ সন্তানের জন্ম দেন লামিয়া আক্তার। নবজাতকদের মধ্যে তিন ছেলে মো. হাসান, মো. হোসাইন ও মো. মোয়াজ্জিন এবং দুই মেয়ে মোসা. লামিবা ও মোসা. উমামা। পাঁচ শিশুর ভবিষ্যৎ সুরক্ষিত ও স্বাচ্ছন্দ্যময় করতে সমাজের বিত্তবান ব্যক্তি ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেছেন পরিবার ও স্থানীয়রা। পাঁচ সন্তানের জনক মো. সোহেল হাওলাদারের সঙ্গে ০১৭৮৩৮১৬৯৮০- এই মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন।

সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঢুকে

এক মাদক কারবারির সহায়তায় তিনি বাংলাদেশে প্রবেশ করেন। আত্মগোপনের উদ্দেশ্যেই তিনি দেশে প্রবেশ করেছিলেন বলে দাবি করেছেন। লেফটেন্যান্ট মো. আবুল কাশেম আরও জানান, আটক ব্যক্তিকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ভোলা সদর থানায় হস্তান্তর করা হয়েছে। সীমান্ত দিয়ে অবৈধ অনুপ্রবেশ রোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি জানান।

যুব অধিকার পরিষদ ছেড়ে বিএনপিতে যোগদান

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর মহিপুরে যুব অধিকার পরিষদের মহিপুর থানা সভাপতি মো. সিদ্দিকুর রহমান স্বেচ্ছায় তার দলীয় পদ থেকে পদত্যাগ করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-তে যোগদান করেছেন। শনিবার (১১ এপ্রিল) রাতে মহিপুর থানা বিএনপির দলীয় কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি আনুষ্ঠানিকভাবে বিএনপিতে যোগ দেন। এসময় উপস্থিত নেতাকর্মীদের সামনে ফুলের মালা পরিয়ে এবং ফুলের তোড়া দিয়ে তাকে বরণ করে নেওয়া হয়। যোগদান অনুষ্ঠানে মহিপুর থানা বিএনপির সভাপতি জলিল হাওলাদার, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শাহজাহান পারভেজ, সম্পাদক ইউসুফ হাওলাদার এবং মহিপুর সদর ইউনিয়ন বিএনপির সভাপতি মিজানুর রহমান হাওলাদারসহ স্থানীয় বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। নব যোগদানকারী সিদ্দিকুর রহমান বলেন, দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং বিএনপির আদর্শে অনুপ্রাণিত হয়ে তিনি এই দলে যোগ দিয়েছেন। তিনি ভবিষ্যতে দলের কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণের প্রত্যয় ব্যক্ত করেন। এদিকে বিএনপির স্থানীয় নেতারা সিদ্দিকুর রহমানকে দলে স্বাগত জানিয়ে বলেন, তার যোগদানে দলের সাংগঠনিক শক্তি আরও বৃদ্ধি পাবে বলে তারা আশা করছেন।

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে পটুয়াখালীতে বিক্ষোভ ও সমাবেশ

পটুয়াখালী প্রতিনিধি

গণভোটের রায়ের বিরুদ্ধে সরকারি দলের অবস্থানের প্রতিবাদ এবং গণভোটের রায় অবিলম্বে বাস্তবায়নের দাবিতে দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে পটুয়াখালীতে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। রোববার (১২ এপ্রিল) বিকাল সাড়ে ৫টায় পটুয়াখালী ১১ দলীয় ঐক্যের আয়োজনে পৌর লঞ্চঘাট প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে জেলা জামায়াতের আমির অ্যাডভোকেট নাজমুল আহসানের সভাপতিত্বে এবং জেলা জামায়াতের সেক্রেটারি শহিদুল ইসলাম আল কায়সারীর সঞ্চালনায় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক নজরুল ইসলাম সোহাগ, খেলাফত মজলিসের পটুয়াখালী পৌর শাখার সভাপতি হারুন অর রশীদ, এবি পার্টির জেলা সদস্যসচিব ইঞ্জিনিয়ার কামাল হোসেন, সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা হাবিবুর রহমান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক তোফাজ্জল হোসেন, জেলা ছাত্রশিবিরের সভাপতি আতিকুল ইসলাম, জামায়াতের সদর উপজেলার যুব বিভাগের সভাপতি মাওলানা মোঃ শহিদুল ইসলাম প্রমুখ। সমাবেশে বক্তারা বলেন, জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠিত গণভোটের রায়কে বর্তমান সরকার সুকৌশলে উপেক্ষা করছে। গণতান্ত্রিক প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে সরকারি দল বিভিন্ন টালবাহানা শুরু করেছে, যা কোনোভাবেই মেনে নেয়া হবে না। সমাবেশ শেষে পটুয়াখালী লঞ্চঘাট থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে পৌর নিউমার্কেটে গিয়ে শেষ হয় এবং সভাপতির সংক্ষিপ্ত বক্তব্যের মধ্যে দিয়ে সমাপ্ত ঘোষণা করা হয়।

কলাপাড়া উপকূলে জ্বালানি তেলের সংকট কাটছে না

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় জ্বালানি তেলের সরবরাহ গেল বছরের চেয়ে অন্তত পাঁচগুন বেশি থাকার পরও সংকট মহামারিতে পরিণত হয়েছে। এ নিয়ে সচেতনমহল নানা ধরনের শঙ্কার কথা জানালেন। একাধিকসূত্র নিশ্চিত করেছে প্রশাসনের মনিটরিং থাকা সত্বেও প্রভাবশালী একাধিক অসাধু চক্র বৈধ-অবৈধ পন্থায় চাহিদার চেয়ে বেশি জ্বালানি তেল সংগ্রহ করছে। করছে মজুদ। এইসব জ্বালানি তেল আবার রাতের আধারে দেড়গুন থেকে দুইগুন বেশি দামে বিক্রি করছে। একটি সিন্ডিকেট চক্র এ কাজ করছে। গত দুই দিন আগে বেশি দামে পেট্রোল বিক্রির দায়ে এক খুচরা বিক্রেতাকে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ত্রিশ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এসব কারণে কৃত্রিম সংকট ক্রমশ বাড়ছে। পক্ষান্তরে সরকারের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হচ্ছে। অবস্থা এমন হয়েছে যে, প্রতিদিন শেষে মধ্যরাতেও কলাপাড়া পৌরশহরের বিসমিল্লাহ ফিলিং স্টেশনসহ সবগুলো পাম্পে জ্বালানি তেলের জন্য সাধারণ মানুষের দীর্ঘলাইন থাকছে। কলাপাড়া উপজেলা প্রশাসনও এ নিয়ে নানা শঙ্কায় রয়েছেন। রয়েছেন উৎকণ্ঠায়। উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মো. ইয়াসীন সাদেক বিসমিল্লাহ ফিলিং স্টেশনের উদ্ধৃতি দিয়ে জানান, গত বছর (২০২৪) মার্চ মাসে এই ফিলিং স্টেশন থেকে মাত্র ১৬ হাজার লিটার ডিজেল সরবরাহ করা হয়েছে। নিত্যনৈমিত্তিক চাহিদা ছিল এমনটাই। চাহিদার ভিত্তিতে এই পরিমাণ ডিজেল সরবরাহ করা হয়েছে। অথচ এই বছর মার্চ মাসে ৮২ হাজার লিটার ডিজেল সরবরাহ করার পরও মানুষের ব্যাপক চাহিদা ছিল। রেশনিং করে দেয়া হয় এই ৮২ হাজার লিটার ডিজেল। এছাড়া বিশেষ ব্যবস্থাপনায় জেলেদের আরো অন্তত ৫৪ হাজার লিটার ডিজেল সরবরাহ করা হয়েছে। বিষয়টি কৃত্রিম সংকট করা হচ্ছে বলে সচেতমহল দাবি করেছে। অনেকেই বলে আসছেন মনিটরিং যথাযথ হয় না। ডিজেল অতিরিক্ত সংগ্রহ করে মজুদ করা হচ্ছে এমন একাধিক বিক্রেতার বিরুদ্ধে কমবেশি জনশ্রুতি রয়েছে। রয়েছে অভিযোগ। কারণ বাবলাতলা বাজারে, মহিপুর-আলীপুর বন্দরে কেরোসিন ও ডিজেলের চোরকারবারি রয়েছে এমন অভিযোগ উঠেছে কারও কারও বিরুদ্ধে। এমনকি সাগরের চোরাইপথে এসব আনা-নেয়ার দায় নিয়েও অনেকের নাম শোনা গেছে। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. ইয়াসীন সাদেক জানান, তারা জ্বালানি তেলের বাজার মনিটরিংয়ে তৎপর রয়েছেন। সংকট মোকাবেলায় সরকারের নির্দেশনা বাস্তবায়নে যথাযথ তদারকি অব্যাহত রয়েছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ১৩ এপ্রিল ২০২৬ ॥ ৩০ চৈত্র ১৪৩২

ফের ইরানের বিরুদ্ধে পদক্ষেপ নিতে যাচ্ছেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
পাকিস্তানে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সাম্প্রতিক বৈঠক ব্যর্থ হওয়ার পর ইরানের বিরুদ্ধে সামুদ্রিক অবরোধের (মেরিটাইম ব্লকেড) সম্ভাবনার কথা তুলে ধরেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রোববার ট্রাম্প তার সামাজিক ৩ এর পাতায় দেখুন

ইসরায়েলি বাহিনীর ওপর নতুন করে হামলার দাবি হিজবুল্লাহর

কীর্তনখোলা ডেস্ক
লেবাননভিত্তিক সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ ইসরায়েলি বাহিনীর ওপর দুটি পৃথক হামলা চালানোর দাবি করেছে। এক বিবৃতিতে গোষ্ঠীটি জানায়, অধিকৃত পশ্চিম তীরের তায়বেহ এলাকায় একটি সামরিক যানবাহন লক্ষ্য করে ড্রোন হামলা ৩ এর পাতায় দেখুন

সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঢুকে আত্মগোপন, ভারতীয় যুবক আটক

ভোলা প্রতিনিধি
বৈধ কাগজপত্র ছাড়া সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঢুকে আত্মগোপনের চেষ্টা করছিলেন ভারতীয় নাগরিক আব্দুল মমিন (৩২)। তবে শেষ পর্যন্ত তিনি আটক হয়েছেন ভোলায়। শনিবার (১১ এপ্রিল) বিকেল সাড়ে ৪টার দিকে ভোলা সদর উপজেলার খেয়াঘাট ব্রিজ সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করে কোস্ট গার্ড বাংলাদেশের দক্ষিণ জোনের সদস্যরা। আটক আব্দুল মমিন ভারতের ত্রিপুরা রাজ্যের সোনাইমুড়া জেলার যাত্রাপুর থানার বাঁশপুকুর গ্রামের বাসিন্দা এবং বসার আলীর ছেলে। কোস্ট গার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. আবুল কাশেম শনিবার দিবাগত রাতে বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বেইস ভোলা অভিযান চালিয়ে খেয়াঘাট ব্রিজ এলাকা থেকে ওই ভারতীয় নাগরিককে আটক করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, গত মঙ্গলবার দিনাজপুরের বিরামপুর সীমান্ত দিয়ে ৩ এর পাতায় দেখুন

তাপবিদ্যুৎ কেন্দ্রের জাহাজঘাটে দখল নিয়ে সংঘর্ষ: সমঝোতা ভেঙে ফের রক্তপাত

বরগুনা প্রতিনিধি
বরগুনার তালতলীতে আইসোটেক তাপবিদ্যুৎ কেন্দ্রের জাহাজঘাটে খেয়া পারাপারকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে এক ট্রলার মাঝিকে পিটিয়ে দুই হাত ভেঙে দেওয়া হয়েছে এবং একটি ট্রলার নদীতে ডুবিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। রোববার সকালে উপজেলার জয়ালভাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে। আহত সোহাগ চৌকিদারকে প্রথমে তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। পরে তার অবস্থার অবনতি হলে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে পাঠানো হয়। অপর মাঝি সোহেল প্রাণ বাঁচাতে নদীতে ঝাঁপ দিয়ে পালিয়ে যান। ট্রলার মালিক ইলিয়াস চৌকিদার অভিযোগ করেন, স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য মো. জাহিদ খানের নেতৃত্বে অর্ধশতাধিক লোক তিনটি ট্রলারে এসে তাঁর ট্রলারের মাঝি সোহাগ চৌকিদারকে পিটিয়ে গুরুতর জখম করে। এ সময় তাঁর ৩ এর পাতায় দেখুন

প্রাইভেট কার ও যানবাহনের ভয়াবহ সংঘর্ষ: খাদে ছিটকে পড়ল শিশু

কলাপাড়া প্রতিনিধি
কলাপাড়া পটুয়াখালীর কলাপাড়ায় এক ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটেছে। এতে শিশুসহ আহত হয়েছে অন্তত আরো ৫ জন। তাদের মধ্যে তিনজন অসংখ্য জনক অবস্থায় রয়েছে। গতকাল দুপুর আড়াইটার দিকে বানরা নামক এলাকায় এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানায়, আজ দুপুর আড়াইটার দিকে বরিশাল থেকে কুয়াকাটা গামী একটি প্রাইভেট কার ঘটনাস্থান পৌছে। এমন সময় বিপরীত দিক থেকে আসা অন্য একটিএকটি যাত্রীবাহী ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ইলিশের আকাল

সবুজ জোমাদ্দার, ভাণ্ডারিয়া
আগামী ১৪এপ্রিল পহেলা বৈশাখ বরণ 'বাংলা নববর্ষ ১৪৩৩বঙ্গাব্দ'কে বরণের নানা আয়োজন চলছে সর্বত্র। দেশ বিদেশে এই দিনটি বরণ করতে ইতো মধ্যেই নানা ধরণের আনুষ্ঠানিকতা শুরু হয়েছে। প্রতি বছর বর্ষবরণ অনুষ্ঠানটির সাথে বাঙালীর ইতিহাস ঐতিহ্য এবং লোকজ সংস্কৃতির নানা দিক জড়িয়ে আছে। বিশেষত পিরোজপুরের ভাণ্ডারিয়াসহ উপকূলীয় দক্ষিণের

গ্রামীন জনপদের সর্বস্থরের মাণুষ এ দিনটিকে আনন্দঘণ পরিবেশে উদ্‌যাপন করে থাকে। দিনটিকে বরণ করতে ইতো মধ্যে উপজেলা প্রশাসন একটি প্রস্তুতি সভাও করেছে। প্রশাসনের দিন ব্যাপি কর্মসূচির তালিকায় সকালে নতুন পোশাকে বাহারি সাজে 'জাতীয় সঙ্গীত এবং এসো হে বৈশাখ,এসো হে...স্বমস্বরে এই সুরে একটি মঙ্গল শোভাযাত্রাসহ অন্যান্য কর্মসূচি থাকলেও থাকছেনা ঐতিহ্যবাহী 'পান্তা ইলিশ'। শুধু তাই নয় গেল বা তার আগের বছর ডিম পান্তা থাকলেও এবছর এর কোনটাই থাকছেনা বলে উপজেলা প্রশাসন সূত্রে জানাগেছে। যদিও হিন্দু ধর্মাবলম্বীরা সরকারি নির্দেশনা মানলেও পাঁজি(পঞ্জিকা)মতে এ দিন চৈত্র সংক্রান্তি বলে ৩ এর পাতায় দেখুন

জুলাই সনদ নিয়ে বিরোধী দল বিভ্রান্তি ছড়াচ্ছে: পার্থ

ভোলা প্রতিনিধি
জুলাই সনদ ইস্যুতে বিরোধী দল বিভ্রান্তি ছড়াচ্ছে বলে অভিযোগ করেছেন বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ও ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ। রোববার (১২ এপ্রিল) সন্ধ্যায় ভোলা শহরের উকিলপাড়ার শান্ত নীড় প্রাঙ্গণে তার বাবা সাবেক স্থানীয় সরকারমন্ত্রী ও ঢাকা সিটি করপোরেশনের প্রথম মেয়র নাজিউর রহমান মঞ্জুর ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া-রাজাপুর সীমান্ত খাল থেকে যুবকের মরদেহ উদ্ধার

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া ও রাজাপুর উপজেলার সীমান্ত খাল থেকে নিখোঁজের প্রায় ১৮ ঘণ্টা পর মো. হৃদয় হাওলাদার (২৬) নামে এক যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহত হৃদয় ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার কানুদাসকাঠী এলাকার বাসিন্দা মো. আলমগীর হোসেন হাওলাদারের ছেলে। পারিবারিক সূত্রে জানা যায়, গত ১১ এপ্রিল শনিবার সকাল সাড়ে ৭টার দিকে হৃদয় হাওলাদার নিজ ব্যবহৃত একটি বাইসাইকেল নিয়ে বাড়ি থেকে বের হন। এরপর সারাদিন তিনি আর বাড়িতে ফিরে আসেননি। সন্ধ্যা ৭টার পরও কোনো খোঁজ না পেয়ে পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে পড়েন। পরে মামা মো. দুলাল ৩ এর পাতায় দেখুন

শিক্ষক-শিক্ষিকাদের উপর শিশুর ভবিষ্যৎ নির্ভর করে: ড. মাসুদ

বাউফল প্রতিনিধি
একটি শিশু শিক্ষার্থীর ভবিষ্যৎ অনেকাংশেই নির্ভর করে সুযোগ্য শিক্ষক-শিক্ষিকাদের উপর এমন মন্তব্য করেছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি। রবিবার দুপুরে (১২ এপ্রিল) বাউফল উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রাথমিক শিক্ষা পরিবারের আয়োজনে অনুষ্ঠিত 'প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায়' প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে এমপি বলেন, "আজকের শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ। আর আমাদের এই শিশু শিক্ষার্থীদের মানুষ গড়ার মূল কারিগর হলেন সম্মানিত শিক্ষকবৃন্দ। একটি শিশু ভবিষ্যতে কেমন মানুষ হবে, তা নির্ভর করে আপনাদের মতো সুযোগ্য ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় রাতের আঁধারে মসজিদের পুকুরের মাছ গোপনে বিক্রি

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় রাতের আধারে মসজিদের পুকুরের মাছ ধরে গোপনে বিক্রি করে দিয়েছেন এলাকার প্রভাবশালী ব্যক্তিরা। এতে ক্ষুব্ধ হয়েছেন মসজিদের মুসল্লীসহ স্থানীয়রা ও এলাকায় তোলপাড় ও স্থানীয় একাধিক সূত্রে জানা গেছে, উপজেলার রত্নপুর ইউনিয়নের রত্নপুর শাহী বাইতুল আমান কেন্দ্রীয় জামে মসজিদের একশত শতাংশের একটি পুকুরের মাছ কাউকে না জানিয়ে মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার রাতে মসজিদের ইমাম মাওলানা মিজানুর রহমান, রত্নপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে রাস্ট্রীয় আইন বাস্তবায়নে পুলিশের অভিযান

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে রাস্ট্রীয় নির্দেশনা মোতাবেক আইনশৃঙ্খলার সঠিক বাস্তবায়নে দিনব্যাপি পুলিশের অভিযান পরিচালিত হয়েছে। ১২ই এপ্রিল(রবিবার) সকাল থেকে বিকাল পর্যন্ত উপজেলার পাঁচটি ইউনিয়ন ও প্রধান প্রধান সড়ক এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানে এ অভিযান পরিচালনা করা হয়। জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী এর নির্দেশক্রমে, কাউখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ ইয়াকুব হোসাইনের নেতৃত্বে উপজেলায় ব্যাপক অভিযান পরিচালিত হয়েছে। অভিযান চলাকালে বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন ও নির্দেশনা অনুযায়ী সন্ধ্যা ৭টার পর দোকানপাট,শপিং মলসহ বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রাখার বিষয়ে ৩ এর পাতায় দেখুন

একসঙ্গে ৫ সন্তানের জন্ম খরচ জোগাতে হিমশিম

পটুয়াখালী প্রতিনিধি
একসঙ্গে পাঁচ সন্তানের জন্ম দিয়ে দেশব্যাপী আলোচনার জন্ম দিয়েছেন পটুয়াখালীর বাউফল উপজেলার কালিশুরী ইউনিয়নের সিংহেরাকাঠী গ্রামের বাসিন্দা সোহেল হাওলাদারের (২৭) স্ত্রী লামিয়া আক্তার (২৩)। ছয় মাস আগে মা লামিয়ার কোলজুড়ে জন্ম নেয় তিন ছেলে ও দুই মেয়ে সন্তান। এতে পরিবারজুড়ে খুশির আমেজ ছড়িয়ে পড়লেও বর্তমানে নবজাতকদের লালন-পালন, বিশেষ করে দুধসহ নিত্যপ্রয়োজনীয় খরচ জোগাতে হিমশিম ৩ এর পাতায় দেখুন

ইট-বালু বিক্রির প্রতিষ্ঠানে মিললো ২৬০০ লিটার ডিজেল

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে অবৈধভাবে মজুত করা বিপুল পরিমাণ ডিজেল জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। এ ঘটনায় এক ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। রোববার (১২ এপ্রিল) বিকেল প্রায় ৫টার দিকে উপজেলার রহমতপুর ইউনিয়নের ক্ষুদ্রকাঠী এলাকায় একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে ২ হাজার ৬ শত লিটার ডিজেল জব্দ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কামরুন্নাহার তামান্না। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা সৈকতে ভেসে এল ৮ ফুট দীর্ঘ মৃত ইরাবতী ডলফিন

কুয়াকাট প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকতে ফের একটি ৮ ফুট লম্বা মৃত ইরাবতী ডলফিন ভেসে এসেছে। শনিবার (১১ এপ্রিল) সন্ধ্যার পর সৈকতের পশ্চিম পাশে পুরোনো শুঁটকিপল্লি এলাকায় জোয়ারের পানির সঙ্গে ভেসে আসে ডলফিনটি। স্থানীয়রা জানান, ডলফিনটির শরীরের চামড়া উঠে গেছে, পেট ফেটে গেছে এবং শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। উপকূল পরিবেশ রক্ষা (উপরা) আন্দোলনের সদস্য আব্দুল জলিল প্রথম ডলফিনটি দেখতে পান এবং বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানান। পরে ডলফিন রক্ষা কমিটি, কুয়াকাটা পৌরসভা, বন বিভাগ ও স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা যৌথভাবে মৃত ডলফিনটি মাটিচাপা দেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এটি একটি ইরাবতী ডলফিন। এ প্রজাতির ডলফিনের মাথা গোলাকার এবং সাধারণ ৩ এর পাতায় দেখুন

খেলতে গিয়ে পুকুরে ডুবে প্রাণ গেল শিশুর

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগর উপজেলায় খেলতে গিয়ে পুকুরে পড়ে আব্দুল্লাহ শিকদার (৬) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। রোববার (১২ এপ্রিল) দুপুর ১টার দিকে উপজেলার দক্ষিণ ভবানীপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্দুল্লাহ শিকদার স্থানীয় বাসিন্দা মো. শাহিদুল শিকদারের সেজ ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে শিশুটির মা রান্নার কাজে ব্যস্ত ছিলেন। এ সময় আব্দুল্লাহ বাড়ির সামনের পুকুরপাড়ে অন্যান্য শিশুদের সঙ্গে খেলছিল। খেলতে খেলতে এক পর্যায়ে অসাবধানতাবশত সে পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ তাকে দেখতে না পেয়ে পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে খোঁ ৩ এর পাতায় দেখুনজাখুঁজি শুরু করেন। পরে পুকুর থেকে তাকে উদ্ধার

ঘর থেকে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলার বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ইউনিয়নে মো. মানু সওয়াল (৩০) নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (১১ এপ্রিল) রাত সাড়ে ৮টার দিকে ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের সিদ্দিক সওয়ালের বাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। মৃত মানু সওয়াল ওই বাড়ির বাসিন্দা মো. সিদ্দিক সওয়ালের ছেলে। তিনি এক সন্তানের জনক ছিলেন। পুলিশ সূত্রে জানা যায়, শনিবার রাতে নিজ ঘরে প্রবেশ করে মানু সওয়াল সিলিং ফ্যানের সঙ্গে ঝুলে আত্মহত্যা করেন। রাত সাড়ে ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে ডাকাতি, আতঙ্কে এলাকাবাসী

উজিরপুর প্রতিনিধি
বরিশালের উজিরপুর উপজেলায় গভীর রাতে এক বাড়িতে সংঘবদ্ধ ডাকাতির ঘটনা ঘটেছে। এ সময় ডাকাত দল নগদ টাকা ও স্বর্ণালংকার লুট করে নিয়ে যায়। এ ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার গুঠিয়া ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের মো. সুমন সরদারের বাড়িতে রোববার দিবাগত রাত আনুমানিক ২টা ৩০ মিনিটের মধ্যে ডাকাতির ঘটনা ঘটে। ভুক্তভোগীর ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে জেলেদের বিক্ষোভ ও মানববন্ধন

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
মেহেন্দিগঞ্জ উপজেলা মৎস্য অফিসের সহকারি মোহাম্মদ জাহিদ হাসান এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে সাধারণ জনগণ ও মৎস্যজীবীরা একত্রিত হয়ে দূর্ণীতিবাজ-ঘুষখোর জাহিদের অপসারণে দাবিতে উপজেলা চত্বরে মানববন্ধন ৩ এর পাতায় দেখুন

ফার্নেস অয়েলের দাম লিটারে বাড়লো ২৪ টাকা ৫৯ পয়সা

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) কর্তৃক সরবরাহকৃত ফার্নেস অয়েলের ভোক্তা পর্যায়ের মূল্য প্রতি লিটার ৭০ টাকা ১০ পয়সা থেকে বাড়িয়ে ৯৪ টাকা ৬৯ পয়সা পুনর্নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ, প্রতি লিটারে বেড়েছে ২৪ টাকা ৫৯ পয়সা। নতুন এই দাম রোববার মধ্যরাত থেকে কার্যকর হবে। রোববার (১২ এপ্রিল) নতুন এই দাম ঘোষণা করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। মূল্যবৃদ্ধির বিজ্ঞপ্তিতে বিইআরসি জানায়, মধ্যপ্রাচ্যের যুদ্ধ

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com